www.facebook.com/tanbir.ebooks

৮ম শ্রেণীর সৃজনশীল গণিতের সম্পূর্ণ সমাধান

অটোমেটিক স্ক্রলের মাধ্যমে ই-বুক পড়ার জন্যঃ

আপনার আপনার ই-বুক বা pdf রিডারের Menu Bar এর View অপশনটি তে ক্লিক করে Auto/Automatically Scroll অপশনটি সিলেক্ট করুন (সরাসরি যেতে Ctrl + Shift + H) এবার Up Arrow বা Down Arrow তে ক্লিক করে আপনার পড়ার সুবিধা অনুসারে স্ক্রল স্পীড ঠিক করে নিন।

সূচিপত্রের জন্য .pdf রিডারের বামপাশের স্লাইড বারের বুকমার্ক মেনু ওপেন করুন

মোবাইল .pdf রিডারের Bookmarks /Content of Book মেনু ওপেন করুন

সূচিপত্রের কোন অধ্যায়ে সরাসরি যাওয়ার জন্য এর নামের উপর ক্লিক করুন

প্রশ্ন সম্পর্কিত ধারণা

অধ্যায় প্রথম প্যাটার্ন

অধ্যায় দ্বিতীয়

২.১ মুনাফা

২.২ চক্রবৃদ্ধি মুনাফা

অধ্যায় তৃতীয় পরিমাপ

অধ্যায় চতুর্থ

৪.১ বীজগণিতীয় সুত্রবলি ও প্রয়োগ

৪.২ ঘনফলের সুত্রাবলি

৪.৩ উৎপাদকে বিশ্লেষণ

৪.৪ বীজগণিতীয় রাশির গসগু ও লসাগু

অধ্যায় পঞ্চম

৫.১ বীজগণিতীয় ভগ্নাংশের লগিষ্টকরণ যোগ ও বিয়োগ

৫.২ ভগ্নাংশের গুন ও ভাগ

অধ্যায় ষষ্ঠ

৬.১ সরল সহসমীকরন

৬.২ বাস্তবভিত্তিক সমস্যার সহসমীকরণ

অধ্যায় সপ্তম সেট

অধ্যায় অষ্টম

৮.১ চতুর্ভুজ

৮.২ চতুর্ভুজ অঙ্কন

অধ্যায় নবম পিথাগোরাসের উপপাদ্য

অধ্যায় দশম

১০.১ বৃত্ত

১০.২ বৃত্তের উপপাদ্য

tanbircox.blogspot.com

প্রশ্ন সম্পর্কিত ধারণা

গণিত

সময়ঃ ৩ ঘন্টা পূর্ণমানঃ ১০০

সৃজনশীল প্রশ্নের জন ৬০ নম্বর
বহুনির্বাচনি প্রশ্নের জন্য ৪০ নম্বর বরাদ্ধ রয়েছে।

সৃজনশীল প্রশ্নঃ প্রতিটি সৃজনশীল প্রশ্নের নম্বর ১০

- ৯টি সৃজনশীল প্রশ্ন থেকে ৬টি প্রশ্নের উত্তর প্রদান করতে হবে।
- পাটিগণিত অংশ থেকে ২টি পাটিগণিত অংশ থেকে ১টি
- বীজগণিত অংশ থেকে ৩টি বীজগণিত অংশ থেকে ২টি
- জ্যামিতি অংশ থেকে ৩টি জ্যামিতি অংশ থেকে ২টি
- পরিসংখ্যান অংশ থেকে ১টি পরিসংখ্যান অংশ থেকে ১ টি

মোট ৬টি প্রশ্নের উত্তর প্রদান করতে হবে। ১০ × ৬ = ৬০

tanbircox.blogspot.com

বহুনির্বাচনি প্রশ্নঃ প্রতিটি বহুনির্বাচনি প্রশ্নের নম্বর ১

পাটিগণিত অংশ থেকে ১০- ১২টি,
বীজগণিত অংশ থেকে ১০- ১৫টি,
জ্যামিতি অংশ থেকে ১০- ১৫টি এবং
পরিসংখ্যান অংশ থেকে ২- ৪টি করে

মোট ৪০টি প্রশ্ন থাকবে।
৪০টি বহুনির্বাচনি প্রশ্ন থেকে ৪০টি প্রশ্নেরই উত্তর প্রদান করতে হবে। ৪০×১ = ৪০

গণিত বিষয়ে

সৃজনশীল ও বহুনির্বাচনি প্রশ্ন সম্পর্কিত ধারণা

সৃজনশীল পদ্ধতিতে অন্যান্য বিষয়ে প্রতিটি সৃজনশীল প্রশ্নে উদ্দীপকের অধীনে চারটি দক্ষতা স্তরের প্রশ্ন(জ্ঞান, অনুধাবন, প্রয়োগ ও উচ্চতর দক্ষতা) থাকলেও গণিত বিষয়ে তিনটি স্তরের প্রশ্ন থাকবে।

সৃজনশীল প্রশ্ন পদ্ধতিতে গণিত বিষয়ে দু'ধরনের প্রশ্ন থাকবে-

সৃজনশীল প্রশ্ন

বহুনির্বাচনি প্রশ্ন

সৃজনশীল প্রশ্নঃ সৃজনশীল প্রশ্নের শুরুতেই একটি দৃশ্যকল্প/উদ্দীপক থাকবে। উদ্দীপক/দৃশ্যকল্প হচ্ছে পাঠ্য বিষয়ের আলোকে তৈরি একটি অনুচ্ছেদ, সূত্র, সমীকরণ, সারণি, ডায়াগ্রাম চিত্র- ইত্যাদি। সাধারণত উদ্দীপকটি হবে মৌলিক, বাস্তব জীবনের সাথে সম্পর্কিত। এ উদ্দীপককে কেন্দ্র করে কাঠিন্যের স্তর অনুসারে তিনটি প্রশ্ন করা হবে।

প্রশ্ন তিনটি যথাক্রমে

(ক) সহজ স্তর - ২ নম্বর
(খ) মধ্যম স্তর - ৪ নম্বর
(গ) কঠিন স্তর - ৪ নম্বর

tanbircox.blogspot.com

(ক) সহজ স্তরঃ

এ অংশের প্রশ্নটি সাধারণত সহজ হয়ে থাকে। প্রশ্নে শিক্ষার্থীদের সাধারণ প্রয়োগ দক্ষতা যাচাই করা হয়। শিক্ষার্থীরা উদ্দীপক বা দৃশ্যকল্পের তথ্যের আলোকে প্রশ্নটির উত্তর করবে। এ প্রশ্নের উত্তরের মান ২ নম্বর। শিক্ষার্থীরা পুরো প্রশ্নটি উত্তর করতে পারলে ২ নম্বর পাবে। উত্তরের শুদ্ধতার ভিত্তিতে ১ নম্বর পাওয়া যেতে পারে।

(খ) মধ্যম স্তরঃ

এ অংশে শিক্ষার্থীদের প্রয়োগ দক্ষতা যাচাই করা হয়। উদ্দীপক বা উদ্দীপকসহ 'ক' নম্বর প্রশ্ন থেকে প্রাপ্ত তথ্য অনুযায়ী সুত্র প্রয়োগ করে ব্যাখ্যা বিশ্লেষণের মাধ্যমে এ প্রশ্নের উত্তর করতে হয়। এ প্রশ্নের উত্তরের মান ৪ নম্বর। শিক্ষার্থীরা উত্তরের শুদ্ধতার ভিত্তিতে পুরো ৪ নম্বর। শিক্ষার্থীরা উত্তরের শুদ্ধতার ভিতিতে পুরো ৪ বা ৩ বা ২ বা ১ নম্বর পেতে পারে।

(গ) কঠিন স্তরঃ

এ অংশের প্রশ্ন সাধারণত জটিল প্রকৃতির হয়ে থাকে। শিক্ষার্থীদের এ স্তরে প্রদত্ত তথ্যের আলোকে নতুন পরিস্থিতিতে সূত্র প্রয়োগ এবং ব্যাখ্যা বিশ্লেষনের মাধ্যমে উত্তর করতে হবে। এ প্রশ্নের উত্তরের মান ৪ নম্বর। (খ) অংশের মতো এখানেও শিক্ষার্থীরা উত্তরের শুদ্ধতার ভিতিতে পুরো ৪ বা ৩ বা ২ বা ১ নম্বর পেতে পারে।

বহুনির্বাচনি প্রশ্ন সম্পর্কিত ধারণাঃ

গণিত বিষয়ে সৃজনশীল প্রশ্নের মতো বহুনির্বাচনি প্রশ্নও তিনটি স্তরের হয়ে থাকে। প্রয়োগ দক্ষতার স্তর অনুযায়ী এগুলো সহজমান, মধ্যমান বা কঠিনমানের হয়ে থাকে। এ পদ্ধতিতে বহুনির্বাচনি প্রশ্ন প্রাথমিক ভাবে তিনটি ভাগে বিভক্ত থাকে যথা-

(১) সাধারণ বহুনির্বাচনি প্রশ্নঃ

এ ধরনের প্রশ্নের সুচনা প্রশ্নের আকারে অথবা অসম্পূর্ণ বাক্য হিসেবে দেওয়া হয়ে থাকে, যা উদ্দীপক হিসেবে কাজ করে। এর পরে থাকে ৪টি বিকল্প উত্তর, যার মধ্যে একটি মাত্র সঠিক উত্তর।

(২) বহুপদী সমাপ্তিসূচক প্রশ্নঃ

এ ধরনের প্রশ্ন স্মৃতিনির্ভর নয় এবং এর সূচনাতে ৩টি তথ্য দেওয়া হয়। এ ৩টি তথ্য সম্পর্কিত ৪টি উত্তর থেকে শিক্ষার্থীকে একটি বাছাই করতে হয়। এ চারটি উত্তরের মধ্যে কোনোটিতে উল্লেখিত তিনটি তথ্যের একটি, দুটি কিংবা তিনটি তথ্যি উল্লেখ থাকে।

(৩) অভিন্ন তথ্যভিত্তিক প্রশ্নঃ

এ ধরনের বহুনির্বাচনি প্রশ্নে সরবরাহ করা একই তথ্য/উদ্দীপক থেকে কয়েকটি প্রশ্ন করা যায়। প্রশ্নগুলো পরস্পরের সাথে সম্পর্কিত হবে। প্রশ্নটির কাঠামো সাধারণ বহুনির্বাচনি অথবা বহুপদী সমাপ্তি সূচক প্রকৃতির হতে পারে। উদ্দীপকের সহায়তা ছাড়া অভিন্ন তথ্যভিত্তিক প্রশ্নের উত্তর করা যায় না।

প্রশ্নের হারঃ

গণিতের সৃজনশীল প্রশ্নের মতো বহুনির্বাচনি প্রশ্নও হবে প্রয়োগ দক্ষতা যাচাই উপযোগী। প্রশ্নসমূহের মাধ্যমে প্রয়োগ দক্ষতার কাঠিন্য স্তর(সহজ, মধ্যম ও কঠিন) যাচাই করা হবে। প্রশ্নসমূহের মধ্যে সহজ স্তরের ৩০% মধ্যম স্তরের ৫০% এবং কঠিন স্তরের ২০% প্রশ্ন হবে।

প্রথম অধ্যায় ১ প্যাটার্ন

প্যাটার্ন : গণিত প্যাটার্ন বলতে বোঝায় নিদিষ্ট পন্থায় কোনো কিছু সাজানো, পরিবর্ধিত বা বিন্যাস করা। প্যাটার্ন যেকোনো গাণিতিক বিশ্লেষণকে সহজতর ও সহজবোধ্য করে তোলে। শিশুর লাল-নীল আলাদা করা, ৫ এর গুণিতকের শেষের সংখ্যাটি ০ বা ৫ হওয়া ইত্যাদি হচ্ছে প্যাটার্ন।

মৌলিক সংখ্যা : ১ থেকে বড় সেই সব সংখ্যা যার ১ এবং সেই সংখ্যাটি ছাড়া অন্য কোন গুণনীয়ক নেই তাদেরকে মৌলিক সংখ্যা বলে। যেমন : ২, ৩, ৫, ৭ ইত্যাদি। ২ হচ্ছে সবচেয়ে ছোট এবং একমাত্র জোড় মৌলিক সংখ্যা।

স্বাভাবিক সংখ্যা : ১ থেকে শুরু করে যে কোন ধনাত্বক পূর্ণসংখ্যাকে স্বাভাবিক সংখ্যা বলে। যেমন : ১, ২, ৩, ৪ . . . . . .

ক্রমিক সংখ্যা : যেকোনো সংখ্যার সাথে ১ যোগ করে তার পরবর্তী ক্রমিক সংখ্যা পাওয়া যায়। যেমন : ৫, ৬ ও ৭ ক্রমিক সংখ্যা।

ম্যাজিক বর্গ : ম্যাজিক বর্গ এমন একটি ছক যার পাশাপাশি ও উপর নিচের ঘর সংখ্যা সমান এবং প্রাপ্ত সংখ্যাগুলোকে উপর-নিচ, পাশাপাশি ও কর্ণ অনুযায়ী যোগ করলে প্রতিক্ষেত্রে যোগফল একই হবে।

তালিকার নিদিষ্ট সংখ্যা নির্ণয় :

উদাহরণ ১। তালিকার পরবর্তী দুইটি সংখ্যা নির্ণয় কর : ৩, ১০, ১৭, ২৪, ৩১, ...

সমাধান :

তালিকার সংখ্যাগুলো	৩,	১০,	১৭,	২৪,	৩১,	...
পার্থক্য		৭	৭	৭	৭	

লক্ষ করি, প্রতিবার পার্থক্য ৭ করে বাড়ছে। অতএব দুইটি সংখ্যা হবে যথাক্রমে ৩১ + ৭ = ৩৮ ও ৩৮ + ৭ = ৪৫।

উদাহরণ ২। তালিকার পরবর্তী সংখ্যাটি নির্ণয় কর : ১, ৪, ৯, ১৬, ২৫, ...

সমাধান :

তালিকার সংখ্যাগুলো	১,	৪,	৯,	১৬,	২৫,	...
পার্থক্য		৩	৫	৭	৯	

লক্ষ করি, প্রতিবার পার্থক্য ২ করে বাড়ছে। অতএব, পরবর্তী সংখ্যা হবে ২৫+১১ = ৩৬।

উদাহরণ ৩। তালিকার পরবর্তী সংখ্যাটি নির্ণয় কর : ১, ৫, ৬, ১১, ১৭, ২৮, ...

সমাধান :

তালিকার সংখ্যাগুলো ১, ৫, ৬, ১১, ১৭, ২৮, ...

যোগফল ৬ ১১ ১৭ ২৮ ৪৫ .....

তালিকার সংখ্যাগুলো একটি প্যাটার্নে লেখা হয়েছে। পরপর দুইটি সংখ্যার যোগফল পরবর্তী সংখ্যাটির সমান। সংখ্যাগুলোর পার্থক্য লক্ষ করে দেখতে পাই যে, প্রথম পার্থক্য বাদে বাকি পার্থক্যগুলো মূল তালিকার সাথে মিলে যায়। এর অর্থ এই যে, কোনো দুইটি ক্রমিক সংখ্যার পার্থক্য পূর্ববর্তী সংখ্যার সমান। অতএব, পরবর্তী সংখ্যা হবে ১৭+২৮=৪৫।

অনুশীলনী ১

১। প্রতিটি তালিকার পরবর্তী চারটি সংখ্যা নির্ণয় কর :

(ক) ১, ৩, ৫, ৭, ৯, ...
(খ) ৪, ৮, ১২, ১৬, ২০, ...
(গ) ৫, ১০, ১৫, ২০, ২৫, ...
(ঘ) ৭, ১৭, ২১, ২৮, ৩৫, ...
(ঙ) ৮, ১৬, ২৪, ৩২, ৪০, ...
(চ) ৬, ১২, ১৮, ২৪, ৩০, ...

(ক) ১, ৩, ৫, ৭, ৯, ...

সমাধান :

তালিকার সংখ্যাগুলো ১, ৩, ৫, ৭, ৯, ...

পার্থক্য ২ ২ ২ ২

লক্ষকরি, প্রতিবার পার্থক্য ২।

অতএব, পরবর্তী চারটি সংখ্যা হবে যথাক্রমে -

৯ + ২ = ১১
১১ + ২ = ১৩
১৩ + ২ = ১৫
১৫ + ২ = ১৭

(খ) ৪, ৮, ১২, ১৬, ২০, ...

সমাধান :

তালিকার সংখ্যাগুলো ৪, ৮, ১২, ১৬, ২০, ...

পার্থক্য ৪ ৪ ৪ ৪

লক্ষকরি, প্রতিবার পার্থক্য ৪।

অতএব, পরবর্তী চারটি সংখ্যা হবে যথাক্রমে -

২০ + ৪ = ২৪
২৪ + ৪ = ২৮
২৮ + ৪ = ৩২
৩২ + ৪ = ৩৬

tanbircox.blogspot.com

(গ) ৫, ১০, ১৫, ২০, ২৫, ...

সমাধান :

তালিকার সংখ্যাগুলো ৫, ১০, ১৫, ২০, ২৫, ...

পার্থক্য ৫ ৫ ৫ ৫

লক্ষকরি, প্রতিবার পার্থক্য ৫।

অতএব, পরবর্তী চারটি সংখ্যা হবে যথাক্রমে -

২৫ + ৫ = ৩০

৩০ + ৫ = ৩৫

৩৫ + ৫ = ৪০

৪০ + ৫ = ৪৫

(ঘ) ৭, ১৭, ২১, ২৮, ৩৫, ...

সমাধান :

তালিকার সংখ্যাগুলো ৭, ১৭, ২১, ২৮, ৩৫, ...

পার্থক্য ৭ ৭ ৭ ৭

লক্ষকরি, প্রতিবার পার্থক্য ৭।

অতএব, পরবর্তী চারটি সংখ্যা হবে যথাক্রমে -

৩৫ + ৭ = ৪২

৪২ + ৭ = ৪৯

৪৯ + ৭ = ৫৬

৫৬ + ৭ = ৬৩

(ঙ) ৮, ১৬, ২৪, ৩২, ৪০, ...

সমাধান :

তালিকার সংখ্যাগুলো ৮, ১৬, ২৪, ৩২, ৪০, ...

পার্থক্য ৮ ৮ ৮ ৮

লক্ষকরি, প্রতিবার পার্থক্য ৮।

অতএব, পরবর্তী চারটি সংখ্যা হবে যথাক্রমে -

৪০ + ৮ = ৪৮

৪৮ + ৮ = ৫৬

৫৬ + ৮ = ৬৪

৬৪ + ৮ = ৭২

tanbircox.blogspot.com

(চ) ৬, ১২, ১৮, ২৪, ৩০, ...

সমাধান :

তালিকার সংখ্যাগুলো ৬, ১২, ১৮, ২৪, ৩০, ...

পার্থক্য ৬ ৬ ৬ ৬

লক্ষকরি, প্রতিবার পার্থক্য ৬।

অতএব, পরবর্তী চারটি সংখ্যা হবে যথাক্রমে -

৩০ + ৬ = ৩

৩৬ + ৬ = ৪২

৪২ + ৬ = ৪৮

৪৮ + ৬ = ৫৪

২। প্রতিটি তালিকার পাশাপাশি দুইটি পদের পার্থক্য বের কর এবং পরবর্তী দুইটি সংখ্যা নির্ণয় কর :

(ক) ৭, ১২, ১৭, ২২, ২৭, ...

(খ) ৬, ১৭, ২৮, ৩৯, ৫০, ...

(গ) ২৪, ২০, ১৬, ১২, ৮, ...

(ঘ) ১১, ৮, ৫, ২, – ১, ...

(ঙ) – ৫, – ৮, – ১১, – ১৪, ...

(চ) ১৪, ৯, ৪, – ১, –৬, ...

(ক) ৭, ১২, ১৭, ২২, ২৭, ...

সমাধান :

তালিকার সংখ্যাগুলো ৭, ১২, ১৭, ২২, ২৭, ...

পার্থক্য ৫ ৫ ৫ ৫

লক্ষকরি, প্রতিবার পার্থক্য ৫।

অতএব, পরবর্তী দুইটি সংখ্যা হবে যথাক্রমে -

২৭ + ৫ = ৩২

এবং ৩২ + ৫ = ৩৭ ।

(খ) ৬, ১৭, ২৮, ৩৯, ৫০, ...

সমাধান :

তালিকার সংখ্যাগুলো ৬, ১৭, ২৮, ৩৯, ৫০, ...

পার্থক্য ১১ ১১ ১১ ১১

লক্ষকরি, প্রতিবার পার্থক্য ১১।

অতএব, পরবর্তী দুইটি সংখ্যা হবে যথাক্রমে -

৫০ + ১১ = ৬১

এবং ৬১ + ১১ = ৭২।

tanbircox.blogspot.com

(গ) ২৪, ২০, ১৬, ১২, ৮, ...

সমাধান :

তালিকার সংখ্যাগুলো ২৪, ২০, ১৬, ১২, ৮, ...

পার্থক্য -৪ -৪ -৪ -৪

লক্ষকরি, প্রতিবার পার্থক্য -৪।

অতএব, পরবর্তী দুইটি সংখ্যা হবে যথাক্রমে -

$৮ - ৪ = ৪$

এবং $৪ - ৪ = ০$।

(ঘ) ১১, ৮, ৫, ২, -১, ...

সমাধান :

তালিকার সংখ্যাগুলো ১১, ৮, ৫, ২, -১, ...

পার্থক্য -৩ -৩ -৩ -৩

লক্ষকরি, প্রতিবার পার্থক্য -৩।

অতএব, পরবর্তী দুইটি সংখ্যা হবে যথাক্রমে -

$-১ - ৩ = -৪$

এবং $-৪ - ৩ = -৭$।

(ঙ) -৫, -৮, -১১, -১৪, ...

সমাধান :

তালিকার সংখ্যাগুলো -৫, -৮, -১১, -১৪, ...

পার্থক্য -৩ -৩ -৩

লক্ষকরি, প্রতিবার পার্থক্য -৩।

অতএব, পরবর্তী দুইটি সংখ্যা হবে যথাক্রমে -

$-১৪ - ৩ = -১৭$

এবং $-১৭ - ৩ = -২০$।

(চ) ১৪, ৯, ৪, -১, -৬, ...

সমাধান :

তালিকার সংখ্যাগুলো ১৪, ৯, ৪, -১, -৬, ...

পার্থক্য -৫ -৫ -৫ -৫

লক্ষকরি, প্রতিবার পার্থক্য -৫।

অতএব, পরবর্তী দুইটি সংখ্যা হবে যথাক্রমে -

$-৬ - ৫ = -১১$

এবং $-১১ - ৫ = -১৬$।

tanbircox.blogspot.com

৩। তালিকার পরবর্তী দুইটি সংখ্যা নির্ণয় কর :

(ক) ২, ২, ৪, ৮, ১৪, ২২, ... (খ) ০, ৩, ৮, ১৫, ২৪, ...

(গ) ১, ৪, ১০, ২২, ৪৬, ... (ঘ) ৪, – ১, – ১১, – ২৬, – ৪৬, ...

(ক) ২, ২, ৪, ৮, ১৪, ২২, ...

সমাধান :

প্রদত্ত তালিকা ২, ২, ৪, ৮, ১৪, ২২, ...

সংখ্যাগুলোর ব্যবধান ০ ২ ৪ ৬ ৮

∴ প্রতিবার পার্থক্য ২ এর গুণিতক হারে বাড়ছে।

এ অনুযায়ী পরবর্তী পার্থক্য হবে, (৮+২) = ১০

ও (১০+২) = ১২

∴ পরবর্তী দুইটি সংখ্যা হবে ২২ + ১০ = ৩২

এবং ৩২ + ১২ = ৪৪

নির্ণেয় সংখ্যা দুইটি ৩২, ৪৪।

(খ) ০, ৩, ৮, ১৫, ২৪, ...

সমাধান :

প্রদত্ত তালিকা ০, ৩, ৮, ১৫, ২৪, ...

পার্থক্য ৩ ৫ ৭ ৯

তালিকার সংখ্যার পার্থক্যগুলোর পার্থক্য ২ করে বাড়ছে।

∴ পরবর্তী দুইটি সংখ্যা হবে ২৪ + ১১ = ৩৫

এবং ৩৫ + ১৩ = ৪৮

নির্ণেয় সংখ্যা দুইটি ৩৫, ৪৮।

(গ) ১, ৪, ১০, ২২, ৪৬, ...

সমাধান :

প্রদত্ত তালিকা ১, ৪, ১০, ২২, ৪৬, ...

পার্থক্য ৩ ৬ ১২ ২৪

প্রতিবার পার্থক্য এর পূর্বের পার্থক্যের দ্বিগুণ হচ্ছে

পরবর্তী সংখ্যা দুইটি যথাক্রমে ৪৬ + ৪৮ = ৯৪

এবং ৯৪ + ৯৬ = ১৯০

নির্ণেয় সংখ্যা দুইটি ৯৪ ও ১৯০।

tanbircox.blogspot.com

(ঘ) ৪, – ১, – ১১, – ২৬, – ৪৬, ...

সমাধান :

প্রদত্ত তালিকা ৪, – ১, – ১১, – ২৬, – ৪৬, ...

পার্থক্য – ৫ – ১০ – ১৫ – ২০

প্রতিবার পার্থক্য ৫ এর গুণিতক হারে কমছে।

পরবর্তী সংখ্যা দুইটি যথাক্রমে – ৪৬ – ২৫ = – ৭১

এবং – ৭১ – ৩০ = – ১০১

নির্ণেয় সংখ্যা দুইটি – ৭১ ও – ১০১।

৪। নিচের সংখ্যা প্যাটার্নগুলোর মধ্যে কোনো মিল রয়েছে কি? প্রতিটি তালিকার পরবর্তী সংখ্যাটি নির্ণয় কর।

(ক) ১, ১, ২, ৩, ৫, ৮, ১৩, ... (খ) ৪, ৪, ৫, ৬, ৮, ১১, ...

(গ) – ১, – ১, ০, ১, ৩, ৬, ১১, ...

(ক) ১, ১, ২, ৩, ৫, ৮, ১৩, ...

সমাধান :

প্যাটার্নগুলোর মধ্যে মিল হলো প্যাটার্নের সংখ্যাগুলোর ১ম ও ২য়টি একই সংখ্যা।

প্রদত্ত তালিকা ১, ১, ২, ৩, ৫, ৮, ১৩, ...

পার্থক্য ০ ১ ১ ২ ৩ ৫

তালিকা সংখ্যাগুলো একটি প্যাটার্নে লেখা হয়েছে। পরপর দুইটি সংখ্যার যোগফল পরবর্তী সংখ্যাটির সমান। সংখ্যাগুলোর পার্থক্য লক্ষ করে দেখতে পাই যে, প্রথম পার্থক্য বাদে বাকি পার্থক্যগুলো মূল তালিকারা সাথে মিলে যায়। এর অর্থ এই যে, কোনো দুইটি ক্রমিক সংখ্যার পার্থক্য পূর্ববর্তী সংখ্যার সমান।

∴ **পরবর্তী সংখ্যা হচ্ছে ১৩ + ৮ = ২১**

(খ) ৪, ৪, ৫, ৬, ৮, ১১, ...

সমাধান :

প্যাটার্নগুলোর মধ্যে মিল হলো প্যাটার্নের সংখ্যাগুলোর ১ম ও ২য়টি একই সংখ্যা।

প্রদত্ত তালিকা ৪, ৪, ৫, ৬, ৮, ১১, ...

পার্থক্য ০ ১ ১ ২ ৩

লক্ষ করি,

পার্থক্য ২ পাওয়া যায় এর পূর্ববতী দুইটি পার্থক্য যোগ করে (১ + ১)

" ৩ " " " " " " " (১ + ২)

এ অনুযায়ী তালিকার পরবর্তী পার্থক্য হবে (২ + ৩)

= ৫

সুতারাং, পরবর্তী সংখ্যাটি হচ্ছে ১১ + ৫

= ১৬

(গ) – ১, – ১, ০, ১, ৩, ৬, ১১, ...

সমাধান :

প্যাটার্নগুলোর মধ্যে মিল হলো প্যাটার্নের সংখ্যাগুলোর ১ম ও ২য়টি একই সংখ্যা।

প্রদত্ত তালিকা – ১, – ১, ০, ১, ৩, ৬, ১১, ...

পার্থক্য ০ ১ ১ ২ ৩ ৫

লক্ষ করি,

পার্থক্য ২ পাওয়া যায় এর পূর্ববর্তী দুইটি পার্থক্য যোগ করে (১ + ১)

" ৩ " " " " " " " (১ + ২)

" ৫ " " " " " " " (২ + ৩)

এ অনুযায়ী তালিকার পরবর্তী পার্থক্য হবে (৩ + ৫)

= ৮

সুতারাং, পরবর্তী সংখ্যাটি হচ্ছে ১১ + ৮

= ১৯

৫। কোনো এক কম্পিউটার প্রোগ্রাম থেকে নিচের সংখ্যাগুলো পাওয়া গেল :

১ ২ ৪ ৮ ১১ ১৬ ২২

এ সংখ্যাগুলোর একটি সংখ্যা পরিবর্তন করা হলে সংখ্যাগুলো একটি প্যাটার্ন তৈরি করে। সংখ্যাটি চিহ্নিত করে উপযুক্ত সংখ্যা বসাও।

সমাধান :

প্রদত্ত তালিকা ১, ২, ৪, ৮, ১১, ১৬, ২২

পার্থক্য ১ ২ ৪ ৩ ৫ ৬

তালিকার সংখ্যাগুলোর পার্থক্য হতে দেখা যায়, ৩য় ও ৪র্থ পার্থক্যটি সঠিক নয়। ফলে তালিকাটি কোন প্যাটার্ন তৈরি করে নি, যদি সংখ্যাগুলোর পার্থক্যে ৪ এর পরিবর্তে ৩ ও ৩ এর পরিবর্তে ৪ হয়। তবে সংখ্যাগুলো একটি প্যাটার্ন তৈরি করে। তখন চতুর্থ সংখ্যা ৮ এর পরিবর্তে হবে (৪ + ৩) = ৭

∴ তালিকাটি ১ ২ ৪ ৭ ১১ ১৬ ২২

পার্থক্য ১ ২ ৩ ৪ ৫ ৬

সুতারাং, উপযুক্ত সংখ্যা ৭।

৬। বীজগণিতীয় রাশির সাহায্যে সংখ্যা প্যাটার্নের সারণিটি পূরণ কর :


ক্রমিক নং	রাশি	পদ								
		১ম	২য়	৩য়	৪র্থ	৫ম		১০		১০০তম
১	২ক –১	১	৩	৫	৭	৯		১৯		
২	৩ক +২	৫	৮	১১	১৪					
৩	৪ক +১	৫								
৪	$ক^২$ +১	২	৫							১০০০১

সমাধান :

নিচের বীজগণিতীয় রাশির সাহায্যে সংখ্যা প্যাটার্নের সারণিটি পূরণ করা হলো :

ক্রমিক নং	রাশি	পদ								
		১ম	২য়	৩য়	৪র্থ	৫ম		১০		১০০তম
১	২ক –১	১	৩	৫	৭	৯		১৯		১৯৯
২	৩ক +২	৫	৮	১১	১৪	১৭		৩২		৩০২
৩	৪ক +১	৫	৯	১৩	১৭	২১		৪১		৪০১
৪	$ক^২$ +১	২	৫	১০	১৭	২৬		১০১		১০০০১

৭। নিচের জ্যামিতিক চিত্রগুলো কাঠি দিয়ে তৈরি করা হয়েছে।



(ক) কাঠির সংখ্যার তালিকা কত।

(খ) তালিকার পরবর্তী সংখ্যাটি কীভাবে বের করবে তা ব্যাখ্যা কর।

(গ) কাঠি দিয়ে পরবর্তী চিত্রটি তৈরি কর এবং তোমার উত্তর যাচাই কর।

সমাধান :

(ক) কাঠির সংখ্যার তালিকা : ৪, ৭, ১০

(খ) তালিকার পরবর্তী সংখ্যা :


প্রদত্ত তালিকা ৪, ৭, ১০

পার্থক্য ৩ ৩

প্রতিক্ষেত্রে পার্থক্য ৩।


সুতারাং তালিকার পরবর্তী সংখ্যা হবে ১০ + ৩ = ১৩

(গ) পরবর্তী চিত্রটি হল :



কাঠি দিয়ে তৈরি প্রদত্ত জ্যামিতিক প্যাটার্ন থেকে দেখা যায় যে, প্রতিক্ষেত্রে একটি করে আয়তাকৃতি কলাম যোগ হচ্ছে। এটি এমনভাবে পূর্ববর্তী জ্যামিতিক চিত্রের সাথে যুক্ত হচ্ছে যাতে পূর্ববর্তী চিত্রের ডানদিকের কাঠিটি নতুন করে যুক্ত হওয়ায় চিত্রের বামদিকের কাঠি হিসেবে কাজ করে। অর্থাৎ প্রতিক্ষেত্রে আয়তাকৃতি কলাম বা জ্যামিতিক চিত্র তৈরিতে ৪টি কাঠির পরিবর্তে ৩টি কাঠি ব্যহৃত হচ্ছে। সুতারাং প্রতিক্ষেত্রে ৩টি কাঠি যুক্ত করে পরবর্তী চিত্রটি তৈরি করা হয় বলে তৈরিকৃত জ্যামিতিক চিত্রটি যথার্থ।


৮। দিয়াশলাইয়ের কাঠি দিয়ে নিচের ত্রিভুজগুলোর প্যাটার্ন তৈরি করা হয়েছে।



(ক) চতুর্থ প্যাটার্নে দিয়াশলাইয়ের কাঠির সংখ্যা বের কর।
(খ) তালিকার পরবর্তী সংখ্যাটি কীভাবে বের করবে তা ব্যাখ্যা কর।
(গ) শততম প্যাটার্ন তৈরিতে কতগুলো দিয়াশলাইয়ের কাঠির প্রয়োজন?

সমাধান :

(ক) চতুর্থ প্যাটার্নটি হলো :



চিত্র থেকে দেখা যায়, চতুর্থ প্যাটার্নে কাঠি সংখ্যা ৯টি।

(খ) প্রদত্ত তালিকার সংখ্যা : ৩, ৫, ৭
পার্থক্য ২ ২

সুতারাং পরবর্তী সংখ্যাটি হবে ৭ + ২ = ৯

(গ) প্রদত্ত প্যাটার্নে দিয়াশলাইয়ের সংখ্যা ৩, ৫, ৭
প্রতিক্ষেত্রে পার্থক্য ২ ২
∴ উক্ত প্যাটার্নের জন্য বীজগণিতীয় রাশিমালা = ২ক + ১
এখানে, 'ক' হচ্ছে প্যাটার্ন সংখ্যা।

∴ ১০০তম প্যাটার্ন তৈরিতে দিয়াশলাইয়ের কাঠির সংখ্যা
= ২ × ১০০ + ১
= ২০১ টি

সুতারাং, শততম প্যাটার্ন তৈরিতে ২০১টি দিয়াশলাইয়ের কাঠি প্রয়োজন।

দ্বিতীয় অধ্যায় 2.1 মুনাফা

লাভ- ক্ষতি :

আমরা লিখতে পারি, **লাভ = বিক্রয়মূল্য – ক্রয়মূল্য**

ক্ষতি = ক্রয়মূল্য – বিক্রয়মূল্য

(ক) মুনাফা নির্ণয় :

উদাহরণ ১। একজন দোকানদার প্রতি হালি ডিম ২৫ টাকা দরে ক্রয় করে প্রতি ২ হালি ৫৬ টাকা দরে বিক্রয় করলে তাঁর শতকরা কত লাভ হবে?

সমাধান :

১ হালি ডিমের ক্রয়মূল্য ২৫ টাকা

∴ ২ হালি ” ” ” (২৫ × ২) টাকা

= ৫০ টাকা

যেহেতু ডিমের ক্রয়মূল্য থেকে বিক্রয়মূল্য বেশি, সুতারাং লাভ হবে।

সুতারাং, লাভ = (৫৬ – ৫০) টাকা

= ৬ টাকা

৫০ টাকায় লাভ ৬ টাকা

∴ ১ ” ” $\frac{৬}{৫০}$ ”

∴ ১০০ ” ” $\frac{৬ \times \cancel{১০০}}{\cancel{৫০}_{১}}$ ”

= ১২ টাকা

সুতারাং, লাভ ১২%

উদাহরণ ২। একটি ছাগল ৮% ক্ষতিতে বিক্রয় করা হলো। ছাগলটি আরও ৮০০ টাকা বেশি মূল্যে বিক্রয় করলে ৮% লাভ হতো। ছাগলটির ক্রয়মূল্য নির্ণয় কর।

সমাধান :

ছাগলটির ক্রয়মূল্য ১০০ টাকা হলে,

৮% ক্ষতিতে বিক্রয়মূল্যা (১০০ – ৮) টাকা

= ৯২ টাকা

আবার, ৮% লাভে বিক্রয়মূল্য (১০০ + ৮) টাকা

= ১০৮ টাকা

∴ বিক্রয়মূল্য বেশি হয় (১০৮ – ৯২) টাকা

= ১৬ টাকা

tanbircox.blogspot.com

বিক্রয়মূল্য ১৬ টাকা বেশি হলে ক্রয়মূল্য ১০০ টাকা

" " ১ " " " " $\frac{১০০}{১৬}$ "

" " ৮০০ " " " " $\frac{১০০ \times ৮০০}{১৬}$

$= \frac{৫০}{১}$

= ৫০০০ টাকা

সুতারাং, ছাগলটির ক্রয়মূল্য ৫০০০ টাকা।

লক্ষ করি :

মুনাফার হার : ১০০ টাকার ১ বছরের মুনাফাকে মুনাফার হার বা শতকরা বার্ষিক মুনাফা বলা হয়।

সময়কাল : যে সময়ের জন্য মুনাফা হিসাব করা হয় তা এর সময়কাল।

সরল মুনাফা : প্রতি বছর শুধু প্রারম্ভিক মূলধনের ওপর যে মুনাফা হিসাব করা হয়, একে সরল মুনাফা (Simple Profit) বলে। শুধু মুনাফা বলতে সরল মুনাফা বোঝায়।

এ অধ্যায়ে আমরা নিচের বীজগণিতীয় প্রতীকগুলো ব্যবহার করব।

মূলধন বা আসল = P (Principal) মুনফার হার = r (rate of interest) সময় = n (time) মুনাফা = I (Profit) সবৃদ্ধি মূলধন বা মুনাফা- আসল = A (Total amount)	মুনাফা- আসল = আসল + মুনাফা অর্থাৎ, A = P + I এখান থেকে পাই, P = A – I I = A – P

উদাহরণ ৩। রমিজ সাহেব ব্যাংকে ৫০০০ টাকা জমা রাখলেন এবং ঠিক করলেন যে, আগামী ৬ বছর তিনি ব্যাংক থেকে টাকা উঠাবেন না। ব্যাংকের বার্ষিক মুনাফা ১০% হলে, ৬ বছর পর তিনি মুনাফা কত পাবেন?

সমাধান :

১০০ টাকার ১ বছরের মুনাফা ১০ টাকা

১ " ১ " " $\frac{১০}{১০০}$ "

৫০০০ " ১ " " $\frac{১০ \times ৫০০০}{১০০}$ "

৫০০০ " ৬ " " $\frac{১০ \times ৫০০০ \times ৬}{১০০}$ "

= ৩০০০ টাকা

∴ মুনাফা- আসল = আসল + মুনাফা
= (৫০০০ + ৩০০০) টাকা
= ৮০০০ টাকা

সুতারাং, মুনাফা ৩০০০ টাকা এবং মুনাফা- আসল ৮০০০ টাকা।

সূত্র : মুনাফা = আসল × মুনাফার হার × সময়

$I = Prn$

মুনাফা- আসল = আসল + মুনাফা

$A = P + I$

$= P + Prn \qquad [\because I = Prn]$

$= P(1 + rn)$

উদাহরণ ৩। - এর বিকল্প

সমাধান :

আমরা জানি, $I = Prn$

অর্থাৎ, মুনাফা = আসল × মুনাফার হার × সময়

$= ৫০০০ \times \frac{১০}{১০০} \times ৬$ টাকা

= ৩০০০ টাকা

∴ মুনাফা- আসল = আসল + মুনাফা
= (৫০০০ + ৩০০০) টাকা
= ৮০০০ টাকা

সুতারাং, মুনাফা ৩০০০ টাকা এবং মুনাফা- আসল ৮০০০ টাকা।

(খ) আসল বা মূলধন নির্ণয় :

উদাহরণ ৪। শতকরা বার্ষিক $৮\frac{১}{২}$ টাকা মুনাফায় কত টাকায় ৬ বছরের মুনাফা ২৫৫০ টাকা হবে?

সমাধান :

মুনাফার হার $r = ৮\frac{১}{২}\%$ বা $\frac{১৭}{২}\%$

সময়, $n = ৬$ বছর

আসল, $P = ?$

আমরা জানি, $I = Prn$

বা, $P = \frac{I}{rn}$

অর্থাৎ, আসল = $\frac{\text{মুনাফা}}{\text{মুনাফার হার} \times \text{সময়}}$

$\therefore$ আসল = $\frac{২৫৫০}{\frac{১৭}{২ \times ১০০} \times ৬}$ টাকা

$= \frac{২৫৫০ \times ২ \times ১০০}{১৭ \times ৬}$ টাকা

= (৫০ × ১০০) টাকা

= ৫০০০ টাকা

সুতারাং, আসল ৫০০০ টাকা।

(গ) মুনাফার হার নির্ণয় :

উদাহরণ ৫। শতকরা বার্ষিক কত মুনাফায় ৩০০০ টাকার ৫ বছরের মুনাফা ১৫০০ টাকা হবে?

সমাধান :

আমরা জানি, I = Prn

বা, $r = \frac{I}{Pn}$

অর্থাৎ, মুনাফার হার = $\frac{\text{মুনাফা}}{\text{আসল} \times \text{সময়}}$

$= \frac{১৫০০}{৩০০০ \times ৫}$

$= \frac{১৫০০}{৩০০০ \times ৫}$

$= \frac{১}{১০}$

$= \frac{১০ \times ১}{১০০}$

= ১০%

সুতারাং, মুনাফা ১০%

tanbircox.blogspot.com

উদাহরণ ৬। কোনো আসল ৩ বছরে মুনাফা- আসল ৫৫০০ টাকা হয়। মুনাফা, আসলের অংশ হলে, আসল ও মুনাফার হার নির্ণয় কর।

সমাধান :

আমরা জানি, আসল + মুনাফা = মুনাফা- আসল

$$\text{বা, আসল} + \text{আসলের } \frac{৩}{৮} = ৫৫০০$$

$$\text{বা, } \left(১ + \frac{৩}{৮}\right) \times \text{আসল} = ৫৫০০$$

$$\text{বা, } \frac{১১}{৮} \times \text{আসল} = ৫৫০০$$

$$\text{বা, আসল} = \frac{৫৫০০ \times ৮}{১১} \text{ টাকা}$$

$$= ৪০০০ \text{ টাকা}$$

$\therefore$ মুনাফা = মুনাফা- আসল – আসল

= (৫৫০০ – ৪০০০) টাকা

= ১৫০০ টাকা

আবার,

আমরা জানি, $I = Prn$

$$\text{বা, } r = \frac{I}{Pn}$$

$$\text{অর্থাৎ, মুনাফার হার} = \frac{\text{মুনাফা}}{\text{আসল} \times \text{সময়}}$$

$$= \frac{১৫০০}{৪০০০ \times ৩}$$

$$= \frac{\cancel{১৫০০}^{২৫} \times \cancel{১০০}^{১}}{\cancel{৪০০০}^{৪০} \times \cancel{৩}_{১}}$$

$$= \frac{২৫}{২} \%^{২}$$

$$= ১২\frac{১}{২} \%$$

সুতারাং, আসল ৪০০০ টাকা ও বার্ষিক মুনাফা $১২\frac{১}{২}\%$

tanbircox.blogspot.com

উদাহরণ ৭। বার্ষিক ১২% মুনাফায় কত বছরে ১০,০০০ টাকার মুনাফা ৪৮০০ টাকা হবে?

সমাধান :

আমরা জানি, $I = Prn$

বা, $n = \frac{I}{Pr}$

যেখানে, মুনাফা I = ৪৮০০ টাকা, মূলধন P = ১০০০০ টাকা

মুনাফার হার r = ১২%, সময় n = ?

$$\therefore \quad \text{সময়} = \frac{\text{মুনাফা}}{\text{আসল} \times \text{মনাফার}}$$

$$= \frac{৪৮০০}{১০০০০ \times \frac{৬}{১০০}}$$

$$= \frac{\overset{৪}{\cancel{৪৮}}\cancel{০০} \times \cancel{১০০}^{১}}{\cancel{১০০০০} \times \cancel{১২}^{১}} \text{ বছর}$$

$$= ৪ \text{ বছর}$$

সুতারাং, সময় ৪ বছর।

tanbircox.blogspot.com

অনুশীলনী ২.১

১। একটি পণ্যদ্রব্য বিক্রয় করে পাইকারি বিক্রেতার ২০% এবং খুচরা বিক্রেতার ২০% লাভ হয়। যদি দ্রব্যটির খুচরা বিক্রয়মূল্য ৫৭৬ টাকা হয়, তবে পাইকারি বিক্রেতার ক্রয়মূল্য কত?

সমাধান :

২০% লাভে ১০০ টাকার জিনিসের খুচরা মূল্য (১০০+২০) টাকা

= ১২০ টাকা

খুচরা বিক্রেতার বিক্রয় মূল্য ১২০ টাকা হলে খুচরা বিক্রেতার ক্রয়মূল্য ১০০ টাকা

$\therefore$ ” ” ” ” ১ ” ” ” ” ” $\frac{১০০}{১২০}$ ”

$\therefore$ ” ” ” ” ৫৭৬ ” ” ” ” ” $\frac{\overset{৫}{\cancel{১০০}} \times \overset{৯৬}{\cancel{৫৭৬}}}{\cancel{১২০}_{৬}}$ ”

= ৪৮০ টাকা

খুচরা বিক্রেতার ক্রয়মূল্য = পাইকারি বিক্রেতার বিক্রয়মূল্য।

$\therefore$ পাইকারি বিক্রেতার বিক্রয়মূল্য ৪৮০ টাকা।

২০% লাভে পাইকারি বিক্রেতা ১০০ টাকার জিনিস বিক্রি করে (১০০+২০) টাকা
= ১২০ টাকা

পাইকারি বিক্রেতার বিক্রয়মূল্য ১২০ টাকা হলে ক্রয়মূল্য ১০০ টাকা

∴ ” ” ” ১ ” ” ” $\frac{১০০}{১২০}$ ”

∴ ” ” ” ৪৮০ ” ” ” $\frac{১০০ \times ৪৮০^{৪}}{১২০_{১}}$ ”

= ৪০০ টাকা

সুতারাং, পাইকারি বিক্রেতার ক্রয়মূল্য ৪০০ টাকা।

২। একজন দোকানদার কিছু ডাল ২৩৭৫.০০ টাকায় বিক্রয় করায় তার ৫% ক্ষতি হলো। ঐ ডাল কত টাকায় বিক্রয় করলে তার ৬% লাভ হতো?

সমাধান :

ক্রয়মূল্য ১০০ টাকা হলে,
৫% ক্ষতিতে বিক্রয় মূল্য (১০০ – ৫) টাকা
= ৯৫ টাকা

বিক্রয়মূল্য ৯৫ টাকা হলে ক্রয়মূল্য ১০০ টাকা

∴ ” ১ ” ” ” $\frac{১০০}{৯৫}$ ”

∴ ” ২৩৭৫ ” ” ” $\frac{১০০ \times ২৩৭৫^{১২৫}}{৯৫_{১৯}}$ ”

= ২৫০০ টাকা

আবার,
ক্রয়মূল্য ১০০ টাকা হলে,
৬% লাভে বিক্রয়মূল্য (১০০+৬) টাকা
= ১০৬ টাকা

ক্রয়মূল্য ১০০ টাকা হলে বিক্রয়মূল্য ১০৬ টাকা

” ১ ” ” ” $\frac{১০৬}{১০০}$ ”

∴ ” ২৫০০ ” ” ” $\frac{১০৬ \times ২৫০০^{২৫}}{১০০_{১}}$ ”

= ২৬৫০ টাকা

সুতারাং, নির্ণেয় বিক্রয়মূল্য ২৬৫০ টাকা।

tanbircox.blogspot.com

৩। ৩০ টাকায় ১০টি দরে ও ১৫টি দরে সমান সংখ্যক কলা ক্রয় করে সবগুলো কলা ৩০ টাকায় ১২টি দরে বিক্রয় করলে শতকরা কত লাভ বা ক্ষতি হবে?

সমাধান :

১০টি কলার ক্রয়মূল্য ৩০ টাকা

∴ ১ ” ” ” $\frac{৩০}{১০}$ ”

= ৩ টাকা

আবার,

১৫টি কলার ক্রয়মূল্য ৩০ টাকা

∴ ১ ” ” ” $\frac{৩০}{১৫}$ ”

= ২ টাকা

(১+১) বা ২ টি কলার ক্রয়মূল্য (৩+২) টাকা বা ৫ টাকা

আবার,

১২টি কলার বিক্রয়মূল্য ৩০ টাকা

∴ ১ ” ” ” $\frac{৩০}{১২}$ ”

∴ ২ ” ” ” $\frac{৩০ \times ২}{১২}$ ”

= ৫ টাকা

সুতারাং, এক্ষেত্রে সমান সংখ্যক কলার ক্রয়মূল্য এবং বিক্রয়মূল্য সমান। তাই লাভ বা ক্ষতি কিছুই হবে না।

৪। বার্ষিক শতকরা মুনাফার হার ১০.৫ টাকা হলে, ২০০০ টাকার ৫ বছরের মুনাফা কত হবে?

সমাধান :

এখানে, মুনাফার হার, r = ১০.৫০%

আসল, P = ২০০০ টাকা

সময়, n = ৫ বছর

আমরা জানি, P = Prn

অর্থাৎ, মুনাফা = আসল × মুনাফার হার × সময়

$= \frac{২০}{২০০০} \times \frac{১০.৫০}{১০০} \times ৫$ টাকা

= ১০৫০ টাকা

সুতারাং নির্ণেয় মুনাফা ১০৫০ টাকা

tanbircox.blogspot.com

৫। বার্ষিক মুনাফা শতকরা ১০ টাকা থেকে কমে ৮ টাকা হলে, ৩০০০ টাকার ৩ বছরের মুনাফা কত কম হবে?

সমাধান :

মুনাফার হার কমে = (১০ – ৮) টাকা
= ২ টাকা

১০০ টাকায় ১ বছরের মুনাফা কমে ২ টাকা

∴ ১ ” ১ ” ” ” $\frac{২}{১০০}$ ”

∴ ৩০০০ ” ১ ” ” ” $\frac{২\times৩০০০}{১০০}$ ”

∴ ৩০০০ ” ৩ ” ” ” $\frac{২\times৩০০০\times৩}{১০০}$ ”

= ১৮০ টাকা

সুতারাং, মুনাফা কম হবে ১৮০ টাকা।

৬। বার্ষিক শতকরা মুনাফা কত হলে, ১৩০০০ টাকা ৫ বছরে মুনাফা- আসলে ১৮৮৫০ টাকা হবে?

সমাধান :

এখানে, আসল, P = ১৩০০০ টাকা
মুনাফা, I = মুনাফা- আসল – আসল
= (১৮৮৫০ – ১৩০০০) টাকা
= ৫৮৫০ টাকা
সময়, n = ৫ বছর
মুনাফার হার r = ?
আমরা জানি, I = Prn

বা, $r = \frac{I}{Pn}$

অর্থাৎ, মুনাফার হার $= \frac{\text{মুনাফা}}{\text{আসল} \times \text{সময়}}$

$= \frac{৫৮৫০}{১৩০০০ \times ৫}$

$= \frac{৯\cancel{৫৮৫০} \times ১}{\cancel{১৩০০০} \times \cancel{৫}_{১}}$

= ৯%

সুতারাং, মুনাফার হার ৯%।

৭। বার্ষিক শতকরা কত মুনাফায় কোনো আসল ৮ বছরে মুনাফা- আসল দ্বিগুণ হবে?

সমাধান :

মনেকরি, আসল = ১০০ টাকা

প্রশ্নমতে,

৮ বছর পর মুনাফা-আসল = (১০০ × ২) টাকা

= ২০০ টাকা

৮ বছরে মুনাফা হয় (২০০ – ১০০) টাকা

= ১০০ টাকা

এখানে,

আসল, P = ১০০ টাকা

মুনাফা, I = ১০০ টাকা

মুনাফার হার r = ?

আমরা জানি, $I = Prn$

বা, $১০০ = ১০০ \times ৮ \times r$

বা, $r = \frac{১০০}{১০০ \times ৮}$

বা, $r = \frac{১০০}{৮} \times \frac{১}{১০০}$

বা, $r = ১২.৫ \times \frac{১}{১০০}$

$\therefore r = ১২.২৫\%$

সুতারা, মুনাফার হার ১২.২৫%

tanbircox.blogspot.com

টাকা ৪ বছরে মুনাফা- আসলে ১০২০০ টাকা হবে?

সমাধান :

মুনাফা- আসল = ৮৮৪০ টাকা

আসল = ৬৫০০ টাকা

∴ মুনাফা = (৮৮৪০ – ৬৫০০) টাকা

= ২৩৪০ টাকা

৬৫০০ টাকার ৪ বছরের মুনাফা ২৩৪০ টাকা

১ ” ১ ” ” $\frac{২৩৪০}{৬৫০০\times৪}$ ”

∴ ১০০ ” ১ ” ” $\frac{২৩৪০\times১০০}{৬৫০০\times৪}$ ”

∴ ১০০ ” ৪ ” ” $\frac{\cancel{২৩৪০}^{৯}\times\cancel{১০০}\times৪}{\cancel{৬৫০০}_{৬৫}\times\cancel{৪}}$ ”

= ৩৬ টাকা

∴ মুনাফা- আসল = (১০০+৩৬) টাকা

= ১৩৬ টাকা

মুনাফা- আসল ১৩৬ টাকা হলে আসল ১০০ টাকা

∴ ” ” ১ ” ” ” $\frac{১০০}{১৩৬}$ ”

∴ ” ” ১০২০০ ” ” ” $\frac{\cancel{১০০}^{২৫}\times\cancel{১০২০০}^{৩০০}}{\cancel{১৩৬}_{৩৪}}$ ”

= ৭৫০০ টাকা

সুতারাং, নির্ণেয় আসল ৭৫০০ টাকা।

tanbircox.blogspot.com

৯। রিয়াজ সাহেব কিছু টাকা ব্যাংকে জমা রেখে ৪ বছর পর ৪৭৬০ টাকা মুনাফা পান। বাংকের বার্ষিক মুনাফার হার ৮.৫০ টাকা হলে, তিনি বাংকে কত টাকা জমা রেখেছিলেন?

সমাধান :

দেওয়া আছে, সময়, $n = ৪$ বছর

মুনাফা, $I = ৪৭৬০$ টাকা

মুনাফার হার, $r = \frac{৮.৫০}{১০০}$

আসল $P = ?$

আমরা জানি, $I = Prn$

বা, $৪৭৬০ = P \times ৪ \times \frac{৮.৫০}{১০০}$

বা, $৪৭৬০ = \frac{P \times ৪ \times ৮.৫০}{১০০}$

বা, $P \times ৪ \times ৮.৫০ = ৪৭৬০ \times ১০০$

বা, $P = \frac{৪৭৬০ \times \cancel{১০০}^{২৫}}{\cancel{৪} \times ৮.৫০}$

বা, $P = \frac{\cancel{৪৭৬০}^{১৪০} \times \cancel{২৫}^{১} \times ১০০}{\cancel{৮৫০}_{\cancel{৩৪}}}$

$\therefore \quad P = ১৪০০$ টাকা

সুতারাং, বাংকে জমার পরিমাণ ১৪০০ টাকা।

বিকল্প সমাধান :

১০০ টাকার ১ বছরের মুনাফা ৮.৫০ টাকা

১০০ টাকার ৪ বছরের মুনাফা (৮.৫০×৪) টাকা

$= ৩৪.০০$ টাকা

এখন, ৪ বছরে,

মুনাফা ৩৪ টাকা হলে আসল ১০০ টাকা

" ১ " " " $\frac{১০০}{৩৪}$ "

" ৪৭৬০ " " " $\frac{১০০ \times \cancel{৪৭৬০}^{১৪০}}{\cancel{৩৪}}$ "

$= ১৪০০$ টাকা

সুতারাং, বাংকে জমার পরিমাণ ১৪০০ টাকা।

tanbircox.blogspot.com

১০। শতকরা বার্ষিক যে হারে কোনো মূলধন ৬ বছরে মুনাফা- মূলধনে দ্বিগুণ হয়, সেই হারে কত টাকা ৪ বছরে মুনাফা- মূলধনে ২০৫০ টাকা হবে?

সমাধান :

মনেকরি, মূলধন = ১০০ টাকা

∴ ৬ বছরের মুনাফা- মূলধন (১০০ × ২) টাকা
= ২০০ টাকা

∴ ৬ বছরের মুনাফা (২০০ – ১০০) টাকা
= ১০০ টাকা

১০০ টাকার ৬ বছরের মুনাফা ১০০ টাকা

১০০ ” ১ ” ” $\frac{১০০}{৬}$ ”

১০০ ” ৪ ” ” $\frac{১০০ \times \cancel{৪}^{২}}{\cancel{৬}_{৩}}$ ”

$= \frac{২০০}{৩}$ টাকা

∴ মুনাফা- মূলধন = $(১০০ + \frac{২০০}{৩})$ টাকা

$= \frac{৩০০+২০০}{৩}$ টাকা

$= \frac{৫০০}{৩}$ টাকা

মুনাফা- মূলধন $\frac{৫০০}{৩}$ টাকা হলে আসল মূলধন ১০০ টাকা

” ” ১ ” ” ” $\frac{১০০ \times ৩}{৫০০}$ ”

” ” ২০৫০ ” ” ” $\frac{\cancel{১০০} \times ৩ \times \overset{৪১০}{\cancel{২০৫০}}}{\cancel{৫০০}_{৫}}$ ”

= ১২৩০ টাকা

সুতারাং, মূলধন ১২৩০ টাকা।

tanbircox.blogspot.com

১১। বার্ষিক শতকরা ৬ টাকা মুনাফায় ৫০০ টাকার ৪ বছরের মুনাফা যত হয়, মুনাফায় কত টাকার ২ বছর ৬ মাসের মুনাফা তত হবে?

সমাধান :

১ম ক্ষেত্রে, দেওয়া আছে,

মুনাফার হার r = ৬% = $\frac{৬}{১০০}$

সময়, n = ৪ বছর

আসল, P = ৫০০ টাকা

মুনাফা, I = ?

আমরা জানি, I = Prn

$$I = \frac{\cancel{৫০০}^{৫}}{} \times ৪ \times \frac{৬}{\cancel{১০০}_{১}}$$

= ১২০ টাকা

২য় ক্ষেত্রে, দেওয়া আছে,

মুনাফার হার r = ৫% = $\frac{৫}{১০০}$

সময় n = ২ বছর ৬ মাস

= $(২+\frac{৬}{১২})$ বছর

= $(২+\frac{১}{২})$ বছর

= ২.৫ বছর

মুনাফা, I = ১২০ টাকা

আসল, P = ?

আমরা জানি, I = Prn

বা, $১২০ = P \times ২.৫ \times \frac{৫}{১০০}$

বা, $১২০ \times ১০০ = P \times ২.৫ \times ৫$

বা, $P \times ২.৫ \times ৫ = ১২০০০$

বা, $P = \frac{\cancel{১২০০০}^{৯৬০} \times \cancel{১০০}^{১০}}{\cancel{২৫০}^{২৫} \times \cancel{৫}^{১}}$

$\therefore P = ৯৬০$

সুতারাং, আসল ৯৬০ টাকা।

tanbircox.blogspot.com

১২। বার্ষিক মুনাফা ৮% থেকে বেড়ে ১০% হওয়ায় তিশা মারমার আয় ৪ বছরে ১২৮ টাকা বেড়ে গেল। তাঁর মূলধন কত ছিল?

সমাধান :

মুনাফার হার বাড়ে (১০% − ৮%)
= ২%

অর্থাৎ, ১০০ টাকায় ১ বছরে আয় বাড়ে ২ টাকা
∴ ১০০ ” ৪ ” ” ” (২ × ৪) টাকা
= ৮ টাকা

৮ টাকা আয় বাড়লে তার মূলধন ১০০ টাকা

১ ” ” ” ” ” $\frac{১০০}{৮}$ ”

১২৮ ” ” ” ” ” $\frac{১০০ \times ১২৮^{১৬}}{৮_{১}}$ ”

= ১৬০০ টাকা

সুতারাং, মূলধন ১৬০০ টাকা।

১৩। কোনো আসল ৩ বছরে মুনাফা- আসলে ১৫৭৮ টাকা এবং ৫ বছরে মুনাফা- আসলে ১৮৩০ টাকা হয়। আসল ও মুনাফার হার নির্ণয় কর।

সমাধান :

আসল + ৫ বছরের মুনাফা = ১৮৩০ টাকা
” + ৩ ” ” = ১৫৭৮ টাকা
(−) করে, ২ বছরের মুনাফা ২৫২ টাকা

১ ” ” $\frac{২৫২}{১২৬}$ ”

৩ ” ” $\frac{২৫২ \times ৩}{২}$ ”

= ৩৭৮ টাকা

∴ আসল = মুনাফা · আসল − মুনাফা
= (১৫৭৮ − ৩৭৮) টাকা
= ১২০০ টাকা

১২০০ টাকায় ৩ বছরে মুনাফা ৩৭৮ টাকা

১ ” ১ ” ” $\frac{৩৭৮}{১২০০}$ ”

$\frac{৬৩}{২১}$

১০০ ” ১ ” ” $\frac{\cancel{৩৭৮} \times \frac{১}{\cancel{১০০}}}{\cancel{১২০০} \times ৩}$ ”

$\frac{\cancel{১২}}{২}$

$= \frac{২১}{২}$ টাকা

= ১০.৫ টাকা

∴ মুনাফার হার ১০.৫%

সুতারাং, আসল ১২০০ টাকা এবং মুনাফার হার ১০.৫%।

১৪। বার্ষিক ১০% মুনাফায় ৩০০০ টাকা এবং ৮% মুনাফায় ২০০০ টাকা বিনিয়োগ করলে মোট মূলধনের ওপর গড়ে শতকরা কত টাকা হারে মুনাফা পাওয়া যাবে?

সমাধান :

১ম ক্ষেত্রে, মুনাফার হার r = ১০% = $\frac{১০}{১০০}$

আসল, P = ৩০০০ টাকা

মুনাফা, I = ?

সময়, n = ১ বছর

আমরা জানি, I = Prn

বা, I = $\cancel{৩০০০}^{৩০} \times ১ \times \frac{১০}{\cancel{১০০}}$

∴ I = ৩০০ টাকা

২য় ক্ষেত্রে, মুনাফার হার, r = ৮% = $\frac{৮}{১০০}$

আসল, P = ২০০০ টাকা

সময়, n = ১ বছর

আমরা জানি, I = Prn

বা, I = $\cancel{২০০০}^{২০} \times ১ \times \frac{৮}{\cancel{১০০}}$

∴ I = ১৬০ টাকা

মোট আসল (৩০০০ + ২০০০) টাকা

= ৫০০০ টাকা

মোট মুনাফা (৩০০ + ১৬০) টাকা

tanbircox.blogspot.com

= ৪৬০ টাকা

৩য় ক্ষেত্রে, আসল, P = ৫০০০ টাকা

মুনাফা, I = ৪৬০ টাকা

সময়, n = ১ বছর

মুনাফার হার, r = কত?

আমরা জানি,

$$I = Prn$$

বা, $৪৬০ = ৫০০০ \times ১ \times r$

বা, $r = \frac{৪৬০}{৫০০০} = \frac{২৩}{২৫০}$

বা, $r = \frac{২৩}{২৫০} \times \frac{১০০}{১০০}$

বা, $r = \frac{৪৬}{৫} \times \frac{১}{১০০}$

মুনাফার হার, r = ৯.২ %

সুতারাং, মুনাফার হার ৯.২%।

tanbircox.blogspot.com

১৫। রড্রিক গোমেজ ৩ বছরের জন্য ১০০০০ টাকা এবং ৪ বছরের জন্য ১৫০০০ টাকা বাংক থেকে ঋণ নিয়ে বাংককে মোট ৯৯০০ টাকা মুনাফা দেন। উভয়ক্ষেত্রে মুনাফার হার সমান হলে, মুনাফার হার নির্ণয় কর।

সমাধান :

মনেকরি, মুনাফার হার এক x টাকা

১০০ টাকার ১ বছরের মুনাফা x টাকা

১ ” ১ ” ” $\frac{x}{১০০}$ ”

১০০০০ ” ৩ ” ” $\frac{x \times ১০০০০ \times ৩}{১০০}$ ”

= ৩০০x টাকা

অনুরূপভাবে,

১৫০০০ টাকার ৪ বছরের মুনাফা $\frac{x \times \cancel{১৫০০০} \times ৪}{\cancel{১০০}}$ টাকা

$\overset{১৫০}{}$

$\underset{১}{}$

= ৬০০x টাকা

প্রশ্নমতে, ৩০০x + ৬০০x = ৯৯০০

বা, ৯০০x = ৯৯০০

বা, $x = \frac{৯৯০০}{৯০০}$

∴ x = ১১

সুতারাং, মুনাফার হার ১১%

১৬। একই হার মুনাফায় কোনো আসল ৬ বছরে মুনাফা- আসল দ্বিগুণ হলে, কত বছরে তা মুনাফা- আসলে তিনগুণ হবে?

সমাধান :

মনেকরি, আসল = ১০০ টাকা

প্রথম ক্ষেত্রে,

৬ বছরে মুনাফা- আসল (১০০ × ২) টাকা

= ২০০ টাকা

∴ ৬ বছরে মুনাফা (২০০ – ১০০) টাকা

= ১০০ টাকা

দ্বিতীয় ক্ষেত্রে,

মুনাফা- আসল (১০০ × ৩) টাকা

= ৩০০ টাকা

∴ মুনাফা (৩০০ – ১০০) টাকা

= ২০০ টাকা

১০০ টাকা মুনাফা হয় ৬ বছরে

১ ” ” ” $\frac{৬}{১০০}$ ”

২০০ ” ” ” $\frac{৬ \times ২০০}{১০০}$ ”

= ১২ বছরে

সুতারাং, সময় ১২ বছর।

www.facebook.com/tanbir.ebooks

১৭। কোনো নির্দিষ্ট সময়ের মুনাফা- আসল ৫৬০০ টাকা এবং মুনাফা, আসলের $\frac{২}{৫}$ অংশ। মুনাফা বার্ষিক শতকরা ৮ টাকা হলে, সময় নির্ণয় কর।

সমাধান :

মনেকরি, সময় n বছর
এবং আসল P টাকা

মুনাফা, $I = P \times \frac{২}{৫}$

মুনাফার হার, $r = ৮\% = \frac{৮}{১০০}$

আমরা জানি, $I = Prn$

বা, $P \times \frac{২}{৫} = P \times n \times \frac{৮}{১০০}$

বা, $\frac{২}{৫} = n \times \frac{৮}{১০০}$

বা, $n \times ৮ \times ৫ = ২ \times ১০০$

বা, $n = \frac{২ \times ১০০^{২৫}}{৮ \times ৫}$

$\therefore \quad n = ৫$ বছর

সুতারাং, সময় ৫ বছর।

tanbircox.blogspot.com

১৮। জামিল সাহেব পেনশনের টাকা পেয়ে ১০ লাখ টাকার তিন মাস অন্তর মুনাফা ভিত্তিক তিন বছর মেয়াদি পেনশন সঞ্চয়পত্র কিনলেন। বার্ষিক মুনাফা ১২% হলে, তিনি ১ম কিস্তিতে, অর্থাৎ প্রথম তিন মাস পর কত মুনাফা পাবেন?

সমাধান :

জামিলে সাহেবের আসল বা পেনশনের পরিমাণ ১০,০০,০০০ টাকা
$\therefore$ আসল, $P = ১০,০০,০০০$ টাকা

মুনাফার হার, $r = ১২\% = \frac{১২}{১০০}$

যেহেতু তিনি তিন মাস পর মুনাফা পাবেন।

অর্থাৎ, সময়, $n = \frac{৩}{১২}$ বছর $= \frac{১}{৪}$ বছর

মুনাফা, $I = ?$

আমরা জানি, $I = Prn$

$= ১০,০০,০০০ \times \frac{১}{৪} \times \frac{৩^{১২}}{১০০}$

$\therefore \quad I = ৩০,০০০$ টাকা

সুতারাং, মুনাফা ৩০,০০০ টাকা।

www.facebook.com/tanbir.cox www.tanbircox.blogspot.com

www.facebook.com/tanbir.ebooks

দ্বিতীয় অধ্যায় 2.2 চক্রবৃদ্ধি মুনাফা

সূত্র :

চক্রবৃদ্ধি মূলধন $C = P(1+r)^n$

চক্রবৃদ্ধি মুনাফা $= P(1+r)^n - P$

উদাহরণ ১। বার্ষিক শতকরা ৮ টাকা মুনাফায় ৬২৫০০ টাকার ৩ বছরের চক্রবৃদ্ধি মূলধন নির্ণয় কর

সমাধান :

আমরা জানি, $C = P(1+r)^n$

দেওয়া আছে, প্রারম্ভিক মূলধন P = ৬২৫০০ টাকা

বার্ষিক মুনাফার হার, r = ৮%

এবং সময় n = ৩ বছর

$$\therefore C = ৬২৫০০ \times \left(১ + \frac{\cancel{২}}{\cancel{১০০}_{২৫}}\right)^৩$$

$$= ৬২৫০০ \times \left(\frac{২৭}{২৫}\right)^৩$$

$$= ৬২৫০০ \times (১.০৮)^৩ \text{ টাকা}$$

$$= ৬২৫০০ \times ১.২৫৯৭১২ \text{ টাকা}$$

$$= ৭৮৭৩২ \text{ টাকা}$$

সুতারাং, চক্রবৃদ্ধি মূলধন ৭৮৭৩২ টাকা

উদাহরণ ২। বার্ষিক ১০.৫০% মুনাফায় ৫০০০ টাকার ২ বছরের চক্রবৃদ্ধি মুনাফা নির্ণয় কর।

সমাধান :

চক্রবৃদ্ধি মুনাফা নির্ণয়ের জন্য প্রথমে চক্রবৃদ্ধি মূলধন নির্ণয় করি।

আমরা জানি,

চক্রবৃদ্ধি মূলধন $C = P(1+r)^n$

যেখানে মূলধন P = ৫০০০ টাকা

মুনাফার হার r = ১০.৫০% = $\frac{২১}{২০০}$

সময় n = ২ বছর

$$C = P(1+r)^n$$

$$= ৫০০০ \times \left(১ + \frac{২১}{২০০}\right)^২ \text{ টাকা}$$

$$= ৫০০০ \times \left(\frac{২২১}{২০০}\right)^২ \text{ টাকা}$$

tanbircox.blogspot.com

$$= \frac{\cancel{২৫}}{\cancel{৫০০০}} \times \frac{২২১}{\cancel{২০০}} \times \frac{২২১}{\cancel{২০০}_{৮}} \text{ টাকা}$$

$$= \frac{৪৮৮৪১}{৮} \text{ টাকা}$$

= ৬১০৫.১৩ টাকা (প্রায়)

∴ চক্রবৃদ্ধি মুনাফা = (C – P)

= $P(1 + r)^n$ – P

= ৬১০৫.১৩ – ৫০০০ টাকা

= ১১০৫.১৩ টাকা (প্রায়)

উদাহরণ ৩। একটি ফ্ল্যাট মালিক কল্যান সমিতি আদায়কৃত সার্ভিস চার্জ থেকে উদ্বৃত্ত ২০০০০০ টাকা ব্যাংকে ছয় মাস অন্তর চক্রবৃদ্ধি মুনাফাভিত্তিক স্থায়ী আমনত রাখলেন। মুনাফার হার বার্ষিক ১২ টাকা হলে, ছয় মাস পর ঐ সমিতির হিসাবে কত টাকা মুনাফা জমা হবে? এক বছর পর চক্রবৃদ্ধি মূলধন কত হবে?

সমাধান :

দেওয়া আছে, মূলধন P = ২০০০০০ টাকা,

মুনাফার হার r = ১২% = $\frac{১২}{১০০}$

সময়, n = ৬ মাস বা $\frac{১}{২}$ বছর

∴ মুনাফা I = Prn

$$= \cancel{২০০০০০}^{২০০০} \times \frac{১২}{\cancel{১০০}} \times \frac{১}{\cancel{২}}$$

= ১২০০০ টাকা

১ বছর পর চক্রবৃদ্ধি মূলধন = $P(1 + r)^n$

$$= ২০০০০০ \times \left(১ + \frac{১২}{১০০}\right)^{১} \text{ টাকা}$$

$$= ২০০০০০ \times \frac{১১২}{১০০}$$

= ২২৪০০০ টাকা

সুতারাং, ৬ মাস পর মুনাফা হবে ১২০০০ টাকা

১ বছর পর চক্রবৃদ্ধি মূলধন হবে ২২৪০০০ টাকা।

tanbircox.blogspot.com

উদাহরণ ৪। কোনো শহরের বর্তমান জনসংখ্যা ৮০ লক্ষ। ঐ শহরের জনসংখ্যা বৃদ্ধির হার প্রতি হাজারে ৩০ হলে, ৩ বছর পর ঐ শহরের জনসংখ্যা কত হবে?

সমাধান :

শহরটির বর্তমান জনসংখ্যা P = ৮০০০০০০

জনসংখ্যা বৃদ্ধির হার = $\frac{৩০}{১০০০} \times ১০০\%$

$= ৩\%$

সময়, n = ৩ বছর

এখানে জনসংখ্যা বৃদ্ধির ক্ষেত্রে চক্রবৃদ্ধি মূলধনের সূত্র প্রযোজ্য।

$C = P(1 + r)^n$

$= ৮০০০০০০ \times \left(১ + \frac{৩}{১০০}\right)^৩$

$= ৮০০০০০০ \times \left(\frac{১০৩}{১০০}\right)^৩$

$= ৮০০০০০০ \times \frac{১০৩}{১০০} \times \frac{১০৩}{১০০} \times \frac{১০৩}{১০০}$

$= ৮ \times ১০৩ \times ১০৩ \times ১০৩$

$= ৮৭৪১৮১৬$

সুতারাং, ৩ বছর পর শহরটির জনসংখ্যা হবে ৮৭,৪১,৮১৬

tanbircox.blogspot.com

অনুশীলনী ২.২

১। ১০৫০ টাকার ৮% নিচের কোনটি?

(ক) ৮০ টাকা (খ) ৮২ টাকা (গ) ৮৪ টাকা (ঘ) ৮৬ টাকা

২। বার্ষিক ১০% সরল মুনাফায় ১২০০ টাকার ৪ বছরের সরল মুনাফা কত?

(ক) ১২০ টাকা (খ) ২৪০ টাকা (গ) ৩৬০ টাকা (ঘ) ৪৮০ টাকা

৩। নিচের তথ্যগুলো লক্ষ কর :

i. মুনাফা = মুনাফা- আসল – আসল

ii. মুনাফা = $\frac{\text{আসল} \times \text{মুনাফা} \times \text{সময়}}{২}$

iii. লাভ বা ক্ষতি বিক্রয়মূল্যের ওপর হিসাব করা হয়।

উপরের তথ্যের আলোকে নিচের কোনটি সঠিক?

(ক) i (খ) ii ও iii (গ) i ও iii (ঘ) i, ii ও iii

৪। জামিল সাহেব বার্ষিক ১০% মুনাফায় ব্যাংকে ২০০০ টাকা জমা রাখলেন।

১. ১ম বছরান্তে মুনাফা- আসল কত হবে?

(ক) ২০৫০ টাকা (খ) ২১০০ টাকা (গ) ২২০০ টাকা (ঘ) ২২৫০ টাকা

২. সরল মুনাফায় ২য় বছরান্তে মুনাফা- আসল কত হবে?

(ক) ২৪০০ টাকা (খ) ২৪২০ টাকা (গ) ২৪৪০ টাকা (ঘ) ২৪৫০ টাকা

৩. ১ম বছরান্তে চক্রবৃদ্ধি মূলধন কত হবে?

(ক) ২০৫০ টাকা (খ) ২১০০ টাকা (গ) ২১৫০ টাকা (ঘ) ২২০০ টাকা

৫। বার্ষিক ১০% মুনাফায় ৮০০০ টাকার ৩ বছরের চক্রবৃদ্ধি মূলধন নির্ণয় কর।

সমাধান :

আমরা জানি, $C = P(1 + r)^n$

দেওয়া আছে, প্রারম্ভিক মূলধন $P = ৮০০০$ টাকা

বার্ষিক মুনাফার হার, $r = ১০\%$

এবং সময় $n = ৩$ বছর

$$C = ৮০০০ \times \left(১ + \frac{১০}{১০০}\right)^৩$$

$$= ৮০০০ \times \left(\frac{১১০}{১০০}\right)^৩$$

$$= ৮০০০ \times \left(\frac{১১}{১০}\right)^৩$$

$$= ৮০০০ \times \frac{১১}{১০} \times \frac{১১}{১০} \times \frac{১১}{১০}$$

$$= ৮ \times ১১ \times ১১ \times ১১$$

$$= ১০৬৪৮ \text{ টাকা}$$

সুতারাং, চক্রবৃদ্ধি মূলধন ১০৬৪৮ টাকা।

tanbircox.blogspot.com

৬। বার্ষিক শতকরা ১০ টাকা মুনাফায় ৫০০০ টাকার ৩ বছরের সরল মুনাফা ও চক্রবৃদ্ধি মুনাফার পার্থক্য কত হবে?

সমাধান :

সরল মুনাফার ক্ষেত্রে,

মুনাফা = আসল × মুনাফার হার × সময়

$= ৫০০০ \times \frac{১০}{১০০} \times ৩$

= ১৫০০ টাকা

আমরা জানি, চক্রবৃদ্ধি মূলধন, $C = P(1 + r)^n$

দেওয়া আছে, মূলধন, P = ৫০০০ টাকা

বার্ষিক মুনাফার হার, r = ১০%

এবং সময়, n = ৩ বছর

$\therefore C = ৫০০০ \times \left(১ + \frac{১০}{১০০}\right)^৩$

$= ৫০০০ \times \left(\frac{১১০}{১০০}\right)^৩$

$= ৫০০০ \times \left(\frac{১১}{১০}\right)^৩$

$= ৫০০০ \times \frac{১১}{১০} \times \frac{১১}{১০} \times \frac{১১}{১০}$

= ৫ × ১১ × ১১ × ১১

= ৬৬৫৫ টাকা

∴ চক্রবৃদ্ধি মুনাফা = C – P

= (৬৬৫৫ – ৫০০০) টাকা

= ১৬৫৫ টাকা

∴ চক্রবৃদ্ধি মুনাফা ও সরল- মুনাফার পার্থক্য

= (১৬৫৫ – ১৫০০) টাকা

= ১৫৫ টাকা

সুতারাং, সরল মুনাফার ও চক্রবৃদ্ধির মুনাফার পার্থক্য ১৫৫ টাকা।

tanbircox.blogspot.com

৭। একই হার মুনাফায় কোনো মূলধনের এক বছরান্তে চক্রবৃদ্ধি মূলধন ৬৫০০ টাকা ও দুই বছরান্তে চক্রবৃদ্ধি মূলধন ৬৭৬০ টাকা হলে, মূলধন কত?

সমাধান :

ধরি, এক বছরান্তে মূলধন C = ৬৫০০ টাকা

দুই বছরান্তে মূলধন C = ৬৭৬০ টাকা

আমরা পাই, $C = P(১+r)^n$ সূত্র হতে

$৬৫০০ = P(১+r)^১$ [যেখানে সময় n = ১ বছর]

বা, $P(১+r) = ৬৫০০$ .....(i)

আবার, $৬৭৬০ = P(১+r)^২$ [যেখানে সময় n = ২ বছর]

বা, $P(১+r)(১+r) = ৬৭৬০$.....(ii)

সমীকরণ (ii)নং কে (i) নং দ্বারা ভাগ করে পাই,

$$১+r = \frac{\cancel{৬৭৬০}^{৩৩৮}}{\cancel{৬৫০০}_{৩২৫}}$$

বা, $১+r = \frac{৩৩৮}{৩২৫}$

বা, $৩২৫ + ৩২৫r = ৩৩৮$

বা, $৩২৫r = ৩৩৮ - ৩২৫$

বা, $r = \frac{১৩}{৩২৫}$

বা, $r = \frac{১}{২৫}$

r- এর মান (i) সমীকরণে বসিয়ে পাই,

$$P\left(১ + \frac{১}{২৫}\right) = ৬৫০০$$

বা, $P\left(\frac{২৫+১}{২৫}\right) = ৬৫০০$

বা, $২৬P = ৬৫০০ \times ২৫$

বা, $P = \frac{৬৫০০ \times ২৫}{২৬}$

$\therefore P = ৬২৫০$

সুতারাং, মূলধন ৬২৫০ টাকা।

tanbircox.blogspot.com

৮। বার্ষিক শতকরা ৮.৫০ টাকা চক্রবৃদ্ধি মুনাফায় ১০০০০ টাকার ২ বছরের সবৃদ্ধিমূলধন ও চক্রবৃদ্ধি মুনাফা নির্ণয় কর।

সমাধান :

আমরা জানি,

সবৃদ্ধিমূল $C = P(১ + r)^n$

এখানে, মূলধন, $P = ১০০০০$ টাকা

মুনাফার হার, $r = ৮.৫০\% = \frac{৮.৫০}{১০০}$

সময়, $n = ২$ বছর

$$\therefore C = ১০০০০ \times \left(১ + \frac{৮.৫০}{১০০}\right)^২$$

$$= ১০০০০ \times \left(\frac{১০০+৮.৫}{১০০}\right)^২$$

$$= ১০০০০ \times \left(\frac{১০৮.৫০}{১০০}\right)^২$$

$$= ১০০০০ \times \frac{১০৮.৫০}{১০০} \times \frac{১০৮.৫০}{১০০}$$

$$= ১০৮.৫০ \times ১০৮.৫০$$

$$= ১১৭৭২.২৫ \text{ টাকা}$$

$\therefore$ সবৃদ্ধিমূল = ১১৭৭২.২৫ টাকা

এবং চক্রবৃদ্ধি মুনাফা = (১১৭৭২.২৫ – ১০০০০) টাকা

= ১৭৭২.২৫ টাকা

সুতারাং, সবৃদ্ধিমূল ১১৭৭২.২৫ টাকা এবং চক্রবৃদ্ধি মুনাফা ১৭৭২.২৫ টাকা।

tanbircox.blogspot.com

৯। কোনো শহরের বর্তমান জনসংখ্যা ৬৪ লক্ষ। শহরটির জনসংখ্যা বৃদ্ধির হার প্রতি হাজারে ২৫ জন হলে, ২ বছর পর ঐ শহরের জনসংখ্যা কত হবে?

সমাধান :

শহরটির বর্তমান জনসংখ্যা P = ৬৪০০০০০

জনসংখ্যার বৃদ্ধির হার = $\frac{২৫}{১০০০} \times ১০০\%$

$= ২.৫\%$

সময়, n = ২ বছর

আমরা জানি, $C = P(১ + r)^n$

$\therefore C = ৬৪০০০০০ \times \left(১ + \frac{২.৫}{১০০}\right)^২$

$= ৬৪০০০০০ \times \left(\frac{১০২.৫}{১০০}\right)^২$

$= ৬৪০০০০০ \times \frac{১০২.৫}{১০০} \times \frac{১০২.৫}{১০০}$

$= ৬৪০ \times ১০২.৫ \times ১০২.৫$

$= ৬৭২৪০০০$

ঐ শহরের জনসংখ্যা ৬৭২৪০০০ জন।

১০। এক ব্যক্তি একটি ঋণদান সংস্থা থেকে বার্ষিক ৮% চক্রবৃদ্ধি মুনাফায় ৫০০০ টাকা ঋণ নিলেন। প্রতিবছর শেষে তিনি ২০০০ টাকা করে পরিশোধ করেন। ২য় কিস্তি পরিশোধের পর তাঁর আর কত টাকা ঋণ থাকবে?

সমাধান :

সবৃদ্ধিমূল $C = P(১ + r)^n$ হলে ৮% মুনাফায় ১ বছরে সবৃদ্ধিমূল

$C = ৫০০০(১ + \frac{৮}{১০০})^১$

$= ৫০০০(১ + \frac{২}{২৫})$

$= ৫০০০(\frac{২৫+২}{২৫})$

$= \cancel{৫০০০}^{২০০} \times \frac{২৭}{\cancel{২৫}_{১}}$

$= ৫৪০০$ টাকা

tanbircox.blogspot.com

১ বছর পর ২০০০ টাকা ঋণপরিশোধের পর বাকি থাকে
= (৫৪০০ – ২০০০) টাকা
= ৩৪০০ টাকা
আবার,
৩৪০০ টাকায় ১ বছরে সবৃদ্ধিমূল

$$C = ৩৪০০(১ + \frac{৮}{১০০})$$
$$= ৩৪০০(১ + \frac{২}{২৫})$$
$$= ৩৪০০(\frac{২৫+২}{২৫})$$
$$= \frac{১৩৬}{\cancel{৩৪০০}} \times \frac{২৭}{\cancel{২৫}_{১}}$$
= ৩৬৭২ টাকা

∴ ২য় কিস্তিতে ২০০০ টাকা পরিশোধের পর ঋণ বাকি থাকে
= (৩৬৭২ – ২০০০) টাকা
= ১৬৭২ টাকা
সুতারাং, ২য় কিস্তি পরিশোধের পর তার ঋণ থাকবে ১৬৭২ টাকা।

tanbircox.blogspot.com

www.facebook.com/tanbir.ebooks

তৃতীয় অধ্যায় ৩ পরিমাপ

দৈর্ঘ্য পরিমাপের একক : মিটার
ওজন পরিমাপের একক : গ্রাম
তরল পদার্থের আয়তন পরিমাপের একক : লিটার
১ লিটার বিশুদ্ধ পানির ওজন ১ কিলোগ্রাম

উদাহরণ ১। একজন দৌড়বিদ ৪০০ মিটারবিশিষ্ট গোলাকার ট্রাকে ২৪ চক্কর দৌড়ালে, সে কত দূরত্ব দৌড়াল?

সমাধান :

১ চক্কর দৌড়ালে ৪০০ মিটার হয়।

∴ ২৪ চক্কর দৌড়ালে দূরত্ব হবে (৪০০ × ২৪) মিটার
= ৯৬০০ মিটার
= ৯ কিলোমিটার ৬০০ মিটার

অতএব, দৌড়বিদ ৯ কিলোমিটার ৬০০ মিটার দৌড়াল।

উদাহরণ ২। ১ মেট্রিক টন চাল ৬৪ জন শ্রমিকের মধ্যে সমানভাবে ভাগ করে দিলে প্রত্যেকে কী পরিমাণ চাল পাবে?

সমাধান :

১ মেট্রিক টন = ১০০০ কেজি

৬৪ জন শ্রমিক পায় ১০০০ কেজি চাল

∴ ১ ” ” ” $\frac{১০০০}{৬৪}$ ” ”

= ১৫ কেজি ৬২৫ গ্রাম চাল

সুতারাং, প্রত্যেক শ্রমিক ১৫ কেজি ৬২৫ গ্রাম চাল পাবে।

উদাহরণ ৩। একটি চৌবাচ্চার দৈর্ঘ্য ৩ মিটার, প্রস্থ ২ মিটার ও উচ্চতা ৪ মিটার। এতে কত লিটার এবং কত কিলোগ্রাম বিশুদ্ধ পানি ধরবে?

সমাধান :

চৌবাচ্চাটির দৈর্ঘ্য = ৩ মিটার
প্রস্থ = ২ মিটার
এবং উচ্চতা = ৪ মিটার

∴ চৌবাচ্চাটির আয়তন = (৩ × ২ × ৪) ঘন মিটার
= ২৪ ঘন মিটার
= ২৪০০০০০০ ঘন সে.মি.
= ২৪০০০ লিটার [যেহেতু ১০০০ ঘন সে.মি. = ১ লিটার]

tanbircox.blogspot.com

১ লিটার বিশুদ্ধ পানির ওজন ১ কিলোগ্রাম
∴ ২৪০০০ লিটার বিশুদ্ধ পানির ওজন ২৪০০০ কিলোগ্রাম।
অতএব, চৌবাচ্চাটিতে ২৪০০০ লিটার পানি ধরবে এবং এর ওজন ২৪০০০ কিলোগ্রাম।

ক্ষেত্রফল পরিমাপ

আয়তকার ক্ষেত্রের ক্ষেত্রফলের পরিমাপ = দৈর্ঘ্যের পরিমাপ ×প্রস্থের পরিমাপ
বর্গাকার ক্ষেত্রের ক্ষেত্রফলের পরিমাপ = (বাহুর পরিমাপ)^{২}
ত্রিভুজাকার ক্ষেত্রের ক্ষেত্রফলের পরিমাপ = ১/২(ভুমির পরিমাপ × উচ্চতার পরিমাপ)
ক্ষেত্রফলের পরিমাপের একক = বর্গমিটার
আয়কার ঘনবস্তুর আয়তনের পরিমাপ = দৈর্ঘ্যের পরিমাপ × প্রস্থের পরিমাপ × উচ্চতার পরিমাপ

উদাহরণ ৪। ১ ইঞ্চি = ২.৫৪ সেন্টিমিটার এবং ১ একর = ৪৮৪০ বর্গগজ। ১ একরে কত বর্গমিটার?

সমাধান :

১ ইঞ্চি = ২.৫৪ সে.মি.
∴ ৩৬ ইঞ্চি বা ১ গজ = ২.৫৪ × ৩৬ সে.মি.
= ৯১.৪৪ সে.মি.
$= \frac{৯১.৪৪}{১০০}$ মিটার
= ০.৯১৪৪ মিটার
∴ ১ গজ × ১ গজ = ০.৯১৪৪ মিটার × ০.৯১৪৪ মিটার
১ বর্গ গজ = ০.৮৩৬১২৭৩৬ বর্গমিটার
∴ ৪৮৪০ বর্গ গজ = ০.৮৩৬১২৭৩৬ × ৪৮৪০ বর্গমিটার
= ৪০৪৬.৮৫৬৪২২৪০ বর্গমিটার
= ৪০৪৬.৮৬ বর্গ মিটার (প্রায়)
∴ ১ একর = ৪০৪৬.৮৬ বর্গ মিটার (প্রায়)

উদাহরণ ৫। জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের এলাকা ৭০০ একর। একে নিকটম পূর্ণসংখ্যক হেক্টরে প্রকাশ কর?

সমাধান :

২.৪৭ একর = ১ হেক্টর
$\therefore$ ১ ” $= \frac{১}{২.৪৭}$ ”
$\therefore$ ৭০০ ” $= \frac{১\times৭০০}{২.৪৭}$ ”
= ২৮৩.৪ হেক্টর
অতএব, নির্ণেয় এলাকা ২৮৩ হেক্টর (প্রায়)

উদাহরণ ৬। একটি আয়তকার ক্ষেত্রের দৈর্ঘ্য ৪০ মিটার এবং প্রস্থ ৩০ মিটার ৩০ সে.মি.। ক্ষেত্রটির ক্ষেত্রফল কত?

সমাধান :

ক্ষেত্রটির দৈর্ঘ্য = ৪০ মিটার
= (৪০ × ১০০) সে.মি.
= ৪০০০ সে.মি.
এবং প্রস্থ = ৩০ মিটার ৩০ সে.মি.
= (৩০ × ১০০) সে.মি. + ৩০ সে.মি.
= ৩০৩০ সে.মি.
∴ নির্ণেয় ক্ষেত্রফল = (৪০০০ × ৩০৩০) বর্গ সে.মি.
= ১২১২০০০০ বর্গ সে.মি.
= ১২১২ বর্গমিটার
= ১২ এয়র ১২ বর্গমিটার

অতএব, ক্ষেত্রটির ক্ষেত্রফল ১২ এয়র ১২ বর্গমিটার

উদাহরণ ৭। একটি বাক্সের দৈর্ঘ্য ২ মিটার, প্রস্থ ১ মিটার ৫০ সে.মি. এবং উচ্চতা ১ মিটার। বাক্সটির আয়তন কত?

সমাধান :

দৈর্ঘ্য = ২ মিটার
= ২০০ সে.মি.
প্রস্থ = ১ মিটার ৫০ সে.মি
= ১৫০ সে.মি.
এবং উচ্চতা = ১ মিটার
= ১০০ সে.মি.
∴ বাক্সটির আয়তন = দৈর্ঘ্য × প্রস্থ × উচ্চতা
= (২০০ × ১৫০ × ১০০) ঘন সে.মি.
= ৩০০০০০০ ঘন সে.মি.
= ৩ ঘন মিটার

সুতারাং, নির্ণেয় আয়তন ৩ ঘনমিটার।

tanbircox.blogspot.com

উদাহরণ ৮। একটি চৌবাচ্চায় ৮০০০ লিটার পানি ধরে। চৌবাচ্চাটির দৈর্ঘ্য ২.৫৬ মিটার এবং প্রস্থ ১.২৫ মিটার হলে, গভীরতা কত?

সমাধান :

চৌবাচ্চাটির তলার ক্ষেত্রফল = ২.৫৬ মিটার × ১.২৫ মিটার
= ২৫৬ সে.মি. × ১২৫ সে.মি.
= ৩২০০০ বর্গ সে.মি.

চৌবাচ্চায় ৮০০০ লিটার পানি ধরে
= ৮০০০ × ১০০০ ঘন সে.মি. পানি ধরে। [যেহেতু ১০০০ ঘন সে.মি. = ১ লিটার]

অতএব, চৌবাচ্চাটির আয়তন = ৮০০০০০০ ঘন সে.মি.

চৌবাচ্চাটির তলার ক্ষেত্রফল × চৌবাচ্চাটির গভীরতা = চৌবাচ্চাটির আয়তন

বা, ৩২০০০ বর্গ সে.মি. × চৌবাচ্চাটির গভীরতা = ৮০০০০০০ ঘন সে.মি.

$$\therefore \quad \text{চৌবাচ্চাটির গভীরতা} = \frac{৮০০০০০০ \text{ ঘন সে.মি.}}{৩২০০০ \text{ বর্গ সে.মি.}}$$

= ২৫০ সে.মি.
= ২.৫ মিটার

উদাহরণ ৯। একটি ঘরের দৈর্ঘ্য প্রস্থের ৩ গুণ। প্রতি বর্গমিটারে ৭.৫০ টাকা দরে ঘরটি কার্পেট দিয়ে ঢাকাতে মোট ১১০২.৫০ টাকা ব্যয় হয়। ঘরটির দৈর্ঘ্য ও প্রস্থ নির্ণয় কর।

সমাধান :

৭.৫ টাকা খরচ হয় ১ বর্গমিটারে

$\therefore$ ১ ” ” ” $\frac{১}{৭.৫}$ ”

$\therefore$ ১১০২.৫০ ” ” ” $\frac{১ \times ১১০২.৫}{৭.৫}$ ”

= ১৪৭ বর্গমিটারে

অর্থাৎ, ঘরের ক্ষেত্রফল ১৪৭ বর্গমিটার।

মনেকরি, ঘরের প্রস্থ = ক মিটার

$\therefore$ ঘরের দৈর্ঘ্য = ৩ক মিটার

$\therefore$ ঘরের ক্ষেত্রফল = (দৈর্ঘ্য × প্রস্থ) বর্গ একক
= (৩ক × ক) বর্গমিটার
= ৩ক^২ বর্গমিটার

শর্তানুসারে,

৩ক^২ = ১৪৭

বা, ক^২ = $\frac{১৪৭}{৩}$

বা, $ক^২ = ৪৯$

$\therefore$ $ক = \sqrt{৪৯}$

$= ৭$

অতএব, প্রস্থ = ৭ মিটার

$= \{1, 2, 3, 4, 6, 8\}$



উদাহরণ ৯ : $A = \{1, 3, 5\}$ এবং $B = \{5, 7\}$ হলে, $A \cap B$ নির্ণয় কর।

সমাধান :

দেওয়া আছে, $A = \{1, 3, 5\}$
এবং $B = \{5, 7\}$
$\therefore A \cap B = \{1, 3, 5\} \cap \{5, 7\}$
$= \{5\}$



উদাহরণ ১০ : P = { x : x, 2- এর গুণিতক এবং $x \leq 8$} এবং Q = { x : x, 4- এর গুণিতক এবং $x \leq 12$} হলে, $P \cap Q$ নির্ণয় কর।

সমাধান :

দেওয়া আছে, P = { x : x, 2 - এর গুণিতক এবং $x \leq 8$}
$= \{2, 4, 6, 8\}$
এবং Q = { x : x, 4 - এর গুণিতক এবং $x \leq 8$}
$= \{4, 8, 12\}$
$\therefore P \cap Q = \{2, 4, 6, 8\} \cap \{4, 8, 12\}$
$= \{4, 8\}$

কাজ :

$U = \{1, 2, 3, 4\}$, $A = \{1, 2, 3\}$, $B = \{2, 3, 4\}$, $C = \{1, 3\}$
$U \cap A$, $C \cap A$ এবং $B \cup C$ সেটগুলোকে ভেনচিত্রে প্রদর্শন কর।

সমাধান :

দেওয়া আছে,
$U = \{1, 2, 3, 4\}$,

$A = \{1, 2, 3\}$,
$B = \{2, 3, 4\}$,
$C = \{1, 3\}$
$\therefore U \cap A = \{1, 2, 3\}$
$\therefore C \cap A = \{1, 3\}$
$\therefore B \cup C = \{1, 2, 3, 4\}$

উদাহরণ ১১ : $A = \{ x : x,$ বিজোড় স্বাভাবিক সংখ্যা এবং $1 < x < 7\}$ এবং $B = \{x : x, 8$ - এর গুণনীয়কসমূহ$\}$ হলে, দেখাও যে, A ও B সেটদ্বয় পরস্পর নিশ্ছদ সেট।

সমাধান :

দেওয়া আছে, $A = \{ x : x,$ বিজোড় স্বাভাবিক সংখ্যা এবং $1 < x < 7\}$
$= \{3, 5\}$
এবং $B = \{x : x, 8$ - এর গুণনীয়কসমূহ$\}$
$= \{1, 2, 4, 8\}$

$\therefore A \cap B = \{3, 5\} \cap \{1, 2, 4, 8\}$
$= \varnothing$


সুতারাং, A ও B সেটদ্বয় পরস্পর নিশ্ছেদ সেট।

উদাহরণ ১২ : $C = \{ 3, 4, 5\}$ এবং $D = \{4, 5, 6\}$ হলে, $C \cup D$ এবং $C \cap D$ নির্ণয় কর।

সমাধান :

দেওয়া আছে, $C = \{ 3, 4, 5\}$
এবং $D = \{4, 5, 6\}$

$\therefore C \cup D = \{ 3, 4, 5\} \cup \{4, 5, 6\}$
$= \{3, 4, 5, 6\}$
এবং $C \cap D = \{ 3, 4, 5\} \cap \{4, 5, 6\}$
$= \{4, 5\}$



কাজ :

$P = \{ 2, 3, 4, 5, 6, 7\}$ এবং $Q = \{4, 6, 8\}$ হলে,
১। $P \cup Q$ এবং $P \cap Q$ নির্ণয় কর।
২। $P \cup Q$ এবং $P \cap Q$ কে সেট গঠন পদ্ধতিতে প্রকাশ কর।

$P = \{ 2, 3, 4, 5, 6, 7\}$ এবং $Q = \{4, 6, 8\}$ হলে,
১। $P \cup Q$ এবং $P \cap Q$ নির্ণয় কর।

সমাধান :

দেওয়া আছে,
$P = \{ 2, 3, 4, 5, 6, 7\}$

এবং $Q = \{4, 6, 8\}$

$\therefore P \cup Q = \{2, 3, 4, 5, 6, 7, 8\}$

$\therefore P \cap Q = \{4, 6\}$

২। $P \cup Q$ এবং $P \cap Q$ কে সেট গঠন পদ্ধতিতে প্রকাশ কর।

সমাধান :

$P \cup Q$ সেটের উপাদানসমূহ 2, 3, 4, 5, 6, 7, 8।

এখানে, প্রত্যেকটি উপাদান স্বাভাবিক সংখ্যা 2 থেকে ছোট নয় ও 8 - এর বড় নয়।

$\therefore P \cup Q = \{ x : x$ স্বাভাবিক সংখ্যা এবং $2 \leq x \leq 8 \}$

সমাধান :

$P \cap Q$ সেটের উপাদানসমূহ 4, 6।

এখানে, প্রত্যেকটি উপাদান 2 - এর গুণিতক এবং 4 থেকে ছোট নয় ও 6 - এর বড় নয়।

$\therefore P \cap Q = \{ x : x$ স্বাভাবিক সংখ্যা 2 এর গুণিতক এবং $4 \leq x \leq 6 \}$

উদাহরণ ১৩ : $E = \{x : x,$ মৌলিক সংখ্যা এবং $x < 30\}$ সেটটি তালিকা পদ্ধতিতে প্রকাশ কর।

সমাধান :

নির্ণেয় সেটটি হবে 30 অপেক্ষা ছোট মৌলিক সংখ্যাসমূহের সেট।

এখানে, 30 অপেক্ষা ছোট মৌলিক সংখ্যাসমূহ 2, 3, 5, 7, 11, 13, 17, 19, 29

নির্ণেয় সেট = {2, 3, 5, 7, 11, 13, 17, 19, 29}

উদাহরণ ১৪ : A ও B যথাক্রমে 42 ও 70 - এর সকল গুণনীয়কের সেট হলে, $A \cap B$ নির্ণয় কর।

সমাধান :

এখানে, $42 = 1 \times 42$

$= 2 \times 21$

$= 3 \times 14$

$= 6 \times 7$

42 - এর গুণনীয়কসমূহ 1, 2, 3, 6, 7, 14, 21, 42

$\therefore A = \{1, 2, 3, 6, 7, 14, 21, 42\}$

আবার, $70 = 1 \times 70$

$= 2 \times 35$

$= 5 \times 14$

$= 7 \times 10$

70- এর গুণনীয়কসমূহ 1, 2, 5, 7, 10, 14, 35, 70

$\therefore B = \{1, 2, 5, 7, 10, 14, 35, 70\}$

$\therefore A \cap B = \{1, 2, 3, 6, 7, 14, 21, 42\} \cap \{1, 2, 5, 7, 10, 14, 35, 70\}$

$= \{1, 2, 7, 14\}$

tanbircox.blogspot.com

অনুশীলনী ৭

১। নিচের সেটগুলোকে তালিকা পদ্ধতি প্রকাশ কর

(ক) { x : x, বিজোড় সংখ্যা এবং 3 < x < 15}

(খ) {x : x, 48 - এর মৌলিক গুণনীয়কসমূহ}

(গ) {x : x, 3 - এর গুণিতক এবং x <36 }

(ঘ) { x : x, পূর্ণ সংখ্যা এবং $x^2 < 10$}

(ক) { x : x, বিজোড় সংখ্যা এবং 3 < x < 15}

সমাধান :

ধরি, A={ x : x, বিজোড় সংখ্যা এবং 3 < x < 15}

A সেটটির উপাদান বিজোড় সংখ্যাসমূহ যা 3 এর চেয়ে বড় এবং 15 এর ছোট।

∴ 3 থেকে বড় এবং 15 এর চেয়ে ছোট বিজোড় সংখ্যাসমূহ 5, 7, 9, 11, 13

নির্ণেয় সেট A = {5, 7, 9, 11, 13 }

(খ) {x : x, 48 - এর মৌলিক গুণনীয়কসমূহ}

সমাধান : মনে করি,

সেট A={ x : x, 48 এর মৌলিক গুণনীয়কসমূহ }

A সেটটি 48 এর মৌলিক গুণনীয়কসমূহ।

এখানে, 48 =1 × 48

= 2 × 24

= 3 × 16

= 4 × 12

= 6 × 8

∴ 48 এর গুণনীয়ক হল, {1, 2, 3, 4, 6, 8, 12, 16, 24, 48}

∴ 48 এর মৌলিক গুণনীয়কসমূহ 2, 3

নির্ণেয় সেট A = {2, 3 }

(গ) {x : x, 3 - এর গুণিতক এবং x < 36 }

সমাধান : মনে করি,

সেটটি A, সেটটি 3 এর গুণিতকসমূহ যাদের মান 36 এর চেয়ে ছোট

∴ 3 এর গুণিতক এবং 36 এর চেয়ে ছোট সংখ্যা সমূহ 3, 6, 9, 12, 15, 18, 21, 24, 27, 30, 33

নির্ণেয় সেট A = {3, 6, 9, 12, 15, 18, 21, 24, 27, 30, 33}

(ঘ) { x : x, পূর্ণ সংখ্যা এবং $x^2 < 10$}

সমাধান :

মনে করি,

tanbircox.blogspot.com

সেটটি A ={ x : x, পূর্ণসংখ্যা এবং $x^2 < 10$}
সেটটি পূর্ণসংখ্যার যাদের বর্গের মান 10 এর চেয়ে ছোট।
∴ পূর্ণসংখ্যাসমূহের যাদের বর্গ 10 এর চেয়ে ছোট তা হল :
–3, –2, –1, 0, 1, 2, 3
নির্ণেয় সেট A = {–3, –2, –1, 0, 1, 2, 3}

২। নিচের সেটগুলোকে সেট গঠন পদ্ধতিতে প্রকাশ কর :
(ক) {3, 4, 5, 6, 7, 8 } (খ) { 4, 8, 12, 16, 20, 24} (গ) {7, 11, 13, 17}

(ক) {3, 4, 5, 6, 7, 8 }
সমাধান :
প্রদত্ত সেটের উপাদান সমূহ 3, 4, 5, 6, 7, 8
এখানে, উপাদানসমূহ 2 থেকে বড় এবং 9 থেকে ছোট সকল স্বাভাবিক সংখ্যা।
ধরি যেকোনো চলক x
নির্ণেয় সেট { x : x, স্বাভাবিক সংখ্যা এবং $2 < x < 9$ }

(খ) { 4, 8, 12, 16, 20, 24}
সমাধান :
প্রদত্ত সেটের উপাদান সমূহ {4, 8, 12, 16, 20, 24}
এখানে, প্রত্যেকটি উপাদান জোড় সংখ্যা 4 এর গুণিতকসমূহ এবং এদের মান 24 থেকে বড় নয়।
ধরি যেকোনো চলক x
নির্ণেয় সেট { x : x, 4 এর গুণিতক এবং $x \leq 24$ }

(গ) {7, 11, 13, 17}
সমাধান :
প্রদত্ত সেটের উপাদান সমূহ {7, 11, 13, 17}
এখানে, উপাদানসমূহ মৌলিক সংখ্যা যাদের মান 5 এর চেয়ে বড় এবং এবং 19 চেয়ে ছোট।
ধরি যেকোনো চলক x
নির্ণেয় সেট { x : x, মৌলিক সংখ্যা এবং $5 < x < 19$ }

৩। নিচের সেট দুইটির উপসেট ও উপসেটের সংখ্যা নির্ণয় কর :
(ক) $C = \{m, n\}$ (খ) $D = \{5, 10, 15\}$

(ক) $C = \{m, n\}$
সমাধান :
C সেটের উপসেট হবে এর উপাদানগুলো থেকে নিয়ে গঠিত সেট।
∴ C সেটের উপসেটগুলো হল ø, {m}, {n}, {m, n}
নির্ণেয় উপসেটগুলো= {m}, {n}, {m, n} ø, এবং উপসেটের সংখ্যা = 4টি।

tanbircox.blogspot.com

(খ) $D = \{5, 10, 15\}$

সমাধান :

প্রদত্ত সেটের উপাদানসমূহ 5, 10, 15

D সেটের উপসেট হবে উপাদানসমূহ থেকে নিয়ে গঠিত সেট।

∴ সেটের উপসেটসমূহ থেকে নিয়ে গঠিত উপসেটগুলো

{5}, {10}, {15}, {5, 10}, {5, 15}, {10, 15}, {5, 10, 15}

আবার ফাঁকা সেট (ø) প্রত্যেক সেটের উপসেট।

নির্ণেয় উপসেটগুলো হল {5}, {10}, {15}, {5, 10}, {5, 15}, {10, 15}, {5, 10, 15}, ø এবং উপসেটের সংখ্যা = 8টি।

৪। $A = \{1, 2, 3\}$, $B = \{2, a\}$ এবং $C = \{a, b\}$ হলে, নিচের সেটগুলো নির্ণয় কর :

(ক) $A \cup B$ (খ) $B \cup C$

(গ) $A \cap (B \cup C)$ (ঘ) $(A \cup B) \cup C$

(ঙ) $(A \cap B) \cup (B \cap C)$ সেটগুলো নির্ণয় কর।

(ক) $A \cup B$


সমাধান :

দেওয়া আছে, $A = \{1, 2, 3\}$

এবং $B = \{2, a\}$

$\therefore A \cup B = \{1, 2, 3\} \cup \{2, a\}$

$= \{1, 2, 3, a\}$



$A \cup B$

(খ) $B \cup C$


সমাধান :

দেওয়া আছে, $B = \{2, a\}$

এবং $C = \{a, b\}$

$\therefore B \cup C = \{2, a\} \cup \{a, b\}$

$= \{2, a, b\}$



$B \cup C$

tanbircox.blogspot.com

(গ) $A \cap (B \cup C)$

সমাধান :


দেওয়া আছে, $A = \{1, 2, 3\}$

$B = \{2, a\}$

এবং $C = \{a, b\}$

এখন, $B \cup C = \{2, a\} \cup \{a, b\}$


$= \{2, a, b\}$



$B \cup C$

$\therefore A \cap (B \cup C) = \{1, 2, 3\} \cap \{2, a, b\}$

$= \{2\}$



$A \cap (B \cup C)$

(ঘ) $(A \cup B) \cup C$

সমাধান :


দেওয়া আছে, $A = \{1, 2, 3\}$

$B = \{2, a\}$

এবং $C = \{a, b\}$

এখন, $A \cup B = \{1, 2, 3\} \cup \{2, a\}$


$= \{1, 2, 3, a\}$



$A \cup B$

$\therefore (A \cup B) \cup C = \{1, 2, 3, a\} \cup \{a, b\}$

$= \{1, 2, 3, a, b\}$




$(A \cup B) \cup C$

(ঙ) $(A \cap B) \cup (B \cap C)$

সমাধান :

দেওয়া আছে, $A = \{1, 2, 3\}$




$B = \{2, a\}$

এবং $C = \{a, b\}$

এখন, $A \cap B = \{1, 2, 3\} \cap \{2, a\}$

$= \{2\}$




আবার, $B \cap C = \{2, a\} \cap \{a, b\}$

$= \{a\}$

$\therefore (A \cap B) \cup (B \cap C) = \{2\} \cup \{a\}$

$= \{2, a\}$




৫। যদি $U = \{1, 2, 3, 4, 5, 6, 7\}$, $A = \{1, 2, 5\}$, $B = \{2, 4, 7\}$ এবং $C = \{4, 5, 6\}$ হয়, তবে নিম্নলিখিত সম্পর্কগুলোর সত্যতা যাচাই কর:

(ক) $A \cap B = B \cap A$

(খ) $(A \cap B)' = A' \cap B'$

(গ) $(A \cup C)' = A' \cap C'$



(ক) $A \cap B = B \cap A$


সমাধান :

দেওয়া আছে, $A = \{1, 2, 5\}$

এবং $B = \{2, 4, 7\}$

এখন, $A \cap B = \{1, 2, 5\} \cap \{2, 4, 7\}$

$= \{2\}$



আবার, $B \cap A = \{2, 4, 7\} \cap \{1, 2, 5\}$

$= \{2\}$

$\therefore A \cap B = B \cap A$

(খ) $(A \cap B)' = A' \cap B'$

সমাধান :


দেওয়া আছে, $U = \{1, 2, 3, 4, 5, 6, 7\}$

$A = \{1, 2, 5\}$

এবং $B = \{2, 4, 7\}$

এখন, $A \cap B = \{1, 2, 5\} \cap \{2, 4, 7\}$


$= \{2\}$



$\therefore (A \cap B)'$ = $A \cap B$ - এর পূরক সেট

= $A \cap B$ - এর বহির্ভূত উপাদানসমূহের সেট


= $\{1, 3, 4, 5, 6, 7\}$



A' = A - এর পূরক সেট

= A - এর বহির্ভূত উপাদানসমূহের সেট

= $\{3, 4, 6, 7\}$




B' = B - এর পূরক সেট


= B - এর বহির্ভূত উপাদানসমূহের সেট

= $\{1, 3, 5, 6\}$

$\therefore A' \cup B' = \{3, 4, 6, 7\} \cup \{1, 3, 5, 6\}$

$= \{1, 3, 4, 5, 6, 7\}$





tanbircox.blogspot.com

$\therefore (A \cap B)' = A' \cup B'$

(গ) $(A \cup C)' = A' \cap C'$

সমাধান :


দেওয়া আছে, $U = \{1, 2, 3, 4, 5, 6, 7\}$

$A = \{1, 2, 5\}$

এবং $C = \{4, 5, 6\}$

এখন, $A \cup C = \{1, 2, 5\} \cup \{4, 5, 6\}$


$= \{1, 2, 4, 5, 6\}$



$\therefore (A \cup C)' = A \cup C$ - এর পূরক সেট

$= A \cup C$ - এর বহির্ভূত উপাদানসমূহের সেট


$= \{3, 7\}$



A' = A - এর পূরক সেট

= A - এর বহির্ভূত উপাদানসমূহের সেট


= {3, 4, 6, 7}




C' = C - এর পূরক সেট

= C - এর বহির্ভূত উপাদানসমূহের সেট

= {1, 2, 3, 7}





tanbircox.blogspot.com


$\therefore A' \cap C' = \{3, 4, 6, 7\} \cup \{1, 2, 3, 7\}$
$= \{3, 7\}$
$\therefore (A \cup C)' = A' \cap C'$

$A' \cap C'$

৬। P এবং Q যথাক্রমে 21 ও 35 - এর সকল গুণনীয়কের সেট হলে, $P \cup Q$ নির্ণয় কর।

সমাধান :

P সেটের উপাদানসমূহ = 21 এর সকল গুণনীয়ক = 1, 3, 7, 21
$\therefore P = \{1, 3, 7, 21\}$
Q সেটের উপাদানসমূহ = 35 এর সকল গুণনীয়ক = 1, 5, 7, 35
$\therefore Q = \{1, 5, 7, 35\}$
$\therefore P \cup Q = \{1, 3, 7, 21\} \cup \{1, 5, 7, 35\}$
$= \{1, 3, 5, 7, 21, 35\}$



$P \cup Q$


tanbircox.blogspot.com

৭। যে সকল স্বাভাবিক সংখ্যা দ্বারা 171 এবং 396 কে ভাগ করলে প্রতিক্ষেত্রে 21 অবশিষ্ট থাকে এদের সেট নির্ণয় কর।

সমাধান :

যে সকল স্বাভাবিক সংখ্যা দ্বারা 171 এবং 396 কে ভাগ করলে প্রতিক্ষেত্রে 21 অবশিষ্ট থাকে। সে সংখ্যাটি 21 অপেক্ষা বড় এবং সংখ্যাটি (171 – 21) = 150 এবং (396 – 21) = 375 এর সাধারণ গুণনীয়ক।

মনে করি,
21 অপেক্ষা বড় 150 এর গুণনীয়ক সেট = A
21 অপেক্ষা বড় 375 এর গুণনীয়ক সেট = B



এখানে, $150 = 1 \times 150$
$= 2 \times 75$

$= 3 \times 50$
$= 5 \times 30$
$= 6 \times 25$
$= 10 \times 15$
$\therefore A = \{25, 30, 50, 75, 150\}$
আবার, $375 = 1 \times 375$
$= 3 \times 125$
$= 5 \times 75$
$= 15 \times 25$
$\therefore B = \{25, 75, 125, 375\}$

$A \cap B$

$\therefore$ নির্ণেয় সেট, $A \cap B = \{25, 30, 50, 75, 150\} \cap \{25, 75, 125, 375\}$
$= \{25, 75\}$

৮। কোনো ছাত্রাবাসের 65% ছাত্র মাছ পছন্দ করে, 55% ছাত্র মাংস পছন্দ করে এবং 40% ছাত্র উভয়টি পছন্দ করে।

(ক) সংক্ষিপ্ত বিবরণসহ উপরের তথ্যগুলো ভেনচিত্রে প্রকাশ কর।
(খ) উভয় খাদ্য পছন্দ করে না তাদের সংখ্যা নির্ণয় কর।
(গ) যারা শুধু একটি খাদ্য পছন্দ করে তাদের সংখ্যার গুণনীয়ক সেটের ছেদ নির্ণয় কর।

সমাধান :

(ক) এখানে, U = মোট ছাত্রের সেট
F = মাছ পছন্দকারী ছাত্রের সেট
M = মাংস পছন্দকারী ছাত্রের সেট
$F \cap M$ = মাছ ও মাংস পছন্দকারী ছাত্রের সেট

(খ) ধরি, মোট ছাত্রসংখ্যা, $U = 100$
উভয় খাদ্য পছন্দকারী ছাত্রের সেট, $F \cap M = 40$
$\therefore$ উভয় খাদ্য পছন্দ করে না এমন ছাত্রের সেট $U - (F \cap M) = 100 - 40$
$= 60$
$\therefore$ 60% ছাত্র উভয় খাদ্য পছন্দ করে না।

(গ) শুধু মাছ পছন্দকরী ছাত্রসংখ্যা = (65 – 40) %
= 25%
এবং শুধু মাংস পছন্দকারী ছাত্রসংখ্যা = (55 – 40) %
= 15%
এখানে, 25 এর গুণনীয়কের সেট $P = \{1, 5, 25\}$
এবং 15 এর গুণনীয়কের সেট $Q = \{1, 3, 5, 15\}$
$\therefore P \cap Q = \{1, 5, 25\} \cap \{1, 3, 5, 15\}$
$= \{1, 5\}$

৯। $A = \{ x : x.$ জোড় সংখ্যা এবং $4 < x < 6\}$ এর তালিকা পদ্ধতি কোনটি?

(ক) {5} (খ) {4, 6} (গ) {4, 5, 6} (ঘ) ø


১০। $P = \{x, y, z\}$ হলে, নিচের কোনটি P - এর উপসেট নয়?

(ক) {x, y} (খ) {x, w, z} (গ) {x, y, z} (ঘ) {x, y, z, a}

১১। 10 - এর গুণনীয়কসমূহের সেট কোনটি?

(ক) {1, 2, 5, 10} (খ) {1, 10} (গ) {10} (ঘ) {10, 20, 30}

নিচের ভেনচিত্রটির আলোকে ১২ থেকে ১৫ নং প্রশ্নের উত্তর দাও :



১২। সার্বিক সেট কোনটি?

(ক) A (খ) B (গ) $A \cup B$ (ঘ) U

১৩। কোনটি B^C সেট?

(ক) {5, 6, 7, 8} (খ) {2, 3, 5, 6} (গ) {1, 4, 7, 8} (ঘ) {3, 6}

১৪। কোনটি $A \cap B$ সেট?

(ক) {2, 3} (খ) {2, 3, 5, 6} (গ) {3, 4, 6, 7} (ঘ) {2, 3, 4, 5, 6, 7}


১৫। কোনটি $A \cup B$ সেট?

(ক) {1, 2, 3, 4, 5, 6} (খ) {5, 6, 7} (গ) {8} (ঘ) {3}

tanbircox.blogspot.com

8.1 চতুর্ভুজ

চতুর্ভুজ :




চিত্রঃ চতুর্ভুজ

চারটি রেখাংশ দ্বারা আবদ্ধ চিত্র একটি চতুর্ভুজ। উপরের চিত্র দ্বারা আবদ্ধ ক্ষেত্রটি একটি চতুর্ভুজক্ষেত্র। চতুর্ভুজের চারটি বাহু আছে। যে চারটি রেখাংশ দ্বারা ক্ষেত্রটি আবদ্ধ হয়, এ চারটি রেখাংশই চতুর্ভুজের বাহু।

A, B, C ও D বিন্দু চারটির যেকোনো তিনটি সমরেখা নয়। AB, BC, CD ও DA রেখাংশ চারটি সংযোগে ABCD চতুর্ভুজ গঠিত হয়েছে। AB, BC, CD ও DA চতুর্ভুজটির চারটি বাহু। A, B, C ও D চারটি কৌণিক বিন্দু বা শীর্ষবিন্দু। $\angle ABC$, $\angle BCD$, $\angle CDA$ ও $\angle DAB$ চতুর্ভুজের চারটি কোণ। A ও B শীর্ষবিন্দু যথাক্রমে C ও D শীর্ষের বিপরীত শীর্ষবিন্দু। AB ও CD পরস্পর বিপরীত বাহু এবং AD ও BC পরস্পর বিপরীত বাহু। এক শীর্ষবিন্দুতে যে দুইটি বাহু মিলিত হয়, এরা সন্নিহিত বাহু। যেমন, AB ও BC বাহু দুইটি সন্নিহিত বাহু। AC ও BD রেখাংশদ্বয় ABCD চতুর্ভুজের দুইটি কর্ণ। চতুর্ভুজের বাহুগুলোর দৈর্ঘ্যের সমষ্টিকে এর পরিসীমা বলে। ABCD চতুর্ভুজের পরিসীমা (AB + BC + CD + DA) এর দৈর্ঘ্যের সমান। চতুর্ভুজকে অনেক সময় ‘ □ ’ প্রতীক দ্বারা নির্দেশ করা হয়।

চতুর্ভুজের প্রকারভেদ

সামন্তরিক :



চিত্রঃ সামান্তরিক

www.facebook.com/tanbir.cox www.tanbircox.blogspot.com

সামান্তরিক : যে চতুর্ভুজের বিপরীত বাহুগুলো পরস্পর সমান্তরাল, তা সামন্তরিক। সামান্তরিকের সীমাবদ্ধ ক্ষেত্রকে সামান্তরিকক্ষেত্র বলে।


আয়ত :



চিত্রঃ আয়ত

আয়ত : যে সামান্তরিকের একটি কোণ সমকোণ, তাই আয়ত। আয়তের চারটি কোণ সমকোণ। আয়তের সীমাবদ্ধ ক্ষেত্রকে আয়তক্ষেত্র বলে। উপরের চিত্রে কখগঘ একটি আয়ত।

বর্গ :




চিত্রঃ বর্গ

বর্গ : বর্গ এমন একটি আয়ত যার সন্নিহিত বাহুগুলো সমান। অর্থাৎ, বর্গ এমন একটি সামান্তরিক যার প্রত্যেকটি কোণ সমকোণ এবং বাহুগুলো সমান। বর্গের সীমাবদ্ধ ক্ষেত্রকে বর্গক্ষেত্র বলে। উপরের চিত্রে, কখগঘ একটি বর্গ।

tanbircox.blogspot.com


রম্বস :



চিত্রঃ রম্বস

রম্বস : রম্বস এমন একটি সামান্তরিক যার সন্নিহিত বাহুগুলোর দৈর্ঘ্য সমান। অর্থাৎ রম্বসের বিপরীত বাহুগুলো সমান্তরাল এবং চারটি বাহু সমান। রম্বসের সীমাবদ্ধ ক্ষেত্রকে রম্বসক্ষেত্র বলে। চিত্রে, কখগঘ একটি রম্বস।


ট্রাপিজিয়াম :



চিত্রঃ ট্রাপিজিয়াম

ট্রাপিজিয়াম : যে চতুর্ভুজের এক জোড়া বিপরীত বাহু সমান্তরাল, একে ট্রাপিজিয়াম বলা হয়। ট্রাপিজিয়ামের সীমাবদ্ধ ক্ষেত্রকে ট্রাপিজিয়ামক্ষেত্র বলে। উপরের চিত্রের কখগঘ একটি ট্রাপিজিয়াম।

ঘুড়ি :




চিত্রঃ ঘুড়ি

ঘুড়ি : যে চতুর্ভুজের দুইজোড়া সন্নিহিত বাহু সমান, একে ঘুড়ি বলা হয়। উপরের চিত্রে একটি ঘুড়ি।

উপপাদ্য ১

চতুর্ভুজের চারটি কোণের সমষ্টি চার সমকোণ।



বিশেষ নির্বচন :

মনে করি, ABCD একটি চতুর্ভুজ এবং AC এর একটি কর্ণ।

প্রমাণ করতে হবে যে, $\angle A + \angle B + \angle C + \angle D = 4$ সমকোণ।

অঙ্কন :

A ও C যোগ করি। AC কর্ণটি চতুর্ভুজটিকে ΔABC ও ΔADC দুইটি ত্রিভুজে বিভক্ত করেছে।

প্রমাণ :

ধাপ	যথার্থতা
১। ΔABC এ $\angle BAC + \angle ACB + \angle B = 2$ সমকোণ।	[ত্রিভুজের তিন কোণের সমষ্টি ২ সমকোণ]
২। অনুরূপভাবে, ΔDAC এ $\angle DAC + \angle ACD + \angle D = 2$ সমকোণ।	[ত্রিভুজের তিন কোণের সমষ্টি ২ সমকোণ]
৩। অতএব, $\angle BAC + \angle ACB + \angle B +$ $\angle DAC + \angle ACD + \angle D = (2+2)$ সমকোণ।	[(১) ও (২) থেকে]
৪। $\angle DAC + \angle BAC = \angle A$ এবং $\angle ACD + \angle ACB = \angle C$.	[সন্নিহিত কোণের যোগফল] [সন্নিহিত কোণের যোগফল]
৫। সুতারাং, $\angle A + \angle B + \angle C + \angle D = 4$ সমকোণ। (প্রমাণিত)	[(৩) নং থেকে]

tanbircox.blogspot.com

উপপাদ্য ২

সামান্তরিকের বিপরীত বাহু ও কোণগুলো পরস্পর সমান।


বিশেষ নির্বচন :

মনে করি, ABCD একটি সামান্তরিক এবং AC ও BD তার দুইটি কর্ণ।

প্রমাণ করতে হবে যে,

(ক) AB বাহু = CD বাহু, AD বাহু = BC বাহু

(খ) $\angle BAD = \angle BCD$, $\angle ABC = \angle ADC$



প্রমাণ :

ধাপ	যথার্থতা
(১) AB ।। DC এবং AC তাদের ছেদক, সুতারাং $\angle BAC = \angle ACD$	[একান্তর কোণ সমান]
(১) BC ।। AD এবং AC তাদের ছেদক, সুতারাং $\angle ACB = \angle DAC$	[একান্তর কোণ সমান]
(৩) এখন Δ ABC ও Δ ADC এ $\angle BAC = \angle ACD$ $\angle ACB = \angle DAC$ এবং AC বাহু সাধারণ। $\therefore \Delta ABC \cong \Delta ADC$ অতএব, AB = CD, BC = AD ও $\angle ABC = \angle ADC$	[ত্রিভুজের কোণ- বাহু- কোণ উপপাদ্য]
অনুরূপভাবে, প্রমাণ করা যায় যে, $\Delta BAD \cong \Delta BCD$ সুতারাং, $\angle BAD = \angle BCD$. (প্রমাণিত)	

কাজ :

১। প্রমাণ কর যে, চতুর্ভুজের এক জোড়া বিপরীত বাহু পরস্পর সমান ও সমান্তরাল হলে, তা একটি সামান্তরিক।


২। দেওয়া আছে, ABCD চতুর্ভুজে AB = CD এবং $\angle ABD = \angle BDC$
প্রমাণ করতে হবে যে, ABCD একটি সামান্তরিক।

(১) সমাধান :

বিশেষ নির্বচন :

মনে করি, ABCD একটি চতুর্ভুজ এর
AB = CD, AD = BC এবং AB ।। CD, AD ।। BC

প্রমাণ করতে হবে যে, ABCD একটি সামান্তরিক।



প্রমাণ :

ধাপ	যথার্থতা
(১) AB ও CD রেখাদ্বয় সমান্তরাল এবং AC তাদের ছেদক, অতএব, ∠BAC = ∠ACD	[একান্তর কোণ সমান]
(১) AB ও CD রেখাদ্বয় সমান্তরাল এবং BD তাদের ছেদক, অতএব, ∠BDC = ∠ABD	[একান্তর কোণ সমান]
(৩) এখন ΔAOB ও ΔOCD এ ∠OAB =∠OCD, ∠OBA =∠ODC এবং AB = DC	[(১) ও (২) থেকে] [কল্পনা]
∴ Δ ABC ≅ ΔADC তাহলে, OA = OC এবং OB = OD	
(৪) অতএব, ABCD চতুর্ভুজ AB ।। CD, AD ।। BC AD = BC, AB = CD এবং OA = OC, OB = OD	[কল্পনা] [কর্ণদ্বয় পরস্পরকে সমদ্বিখণ্ডিত করে]
সুতারাং, ABCD চতুর্ভুজটি সামান্তরিক (প্রমাণিত)	

tanbircox.blogspot.com


উপপাদ্য ৩

সামান্তরিকের কর্ণদ্বয় পরস্পরকে সমদ্বিখণ্ডিত করে।

বিশেষ নির্বচন :

মনে করি, ABCD একটি সামান্তরিকের
AC ও BD কর্ণদ্বয় পরপস্পরকে O বিন্দুতে ছেদ করে।

প্রমাণ করতে হবে যে, OA = CO, BO = DO.



প্রমাণ :

ধাপ	যথার্থতা
(১) AB ও DC রেখাদ্বয় সমান্তরাল এবং AC এদের ছেদক। অতএব, $\angle BAC =$ একান্তর $\angle DAC$	[একান্তর কোণ সমান]
(২) AD ও BC রেখাদ্বয় সমান্তরাল এবং BD এদের ছেদক। সুতারাং, $\angle BDC =$ একান্তর $\angle ABD$	[একান্তর কোণ সমান]
(৩) এখন ΔAOB ও ΔCOD এ $\angle BAC = \angle ACD$, $\angle OBA = \angle ODC$ এবং AB=DC $\therefore \Delta ABC \cong \Delta ADC$ অতএব, AO = CO, BO = DO. (প্রমাণিত)	[ত্রিভুজের কোণ- বাহু- কোণ উপপাদ্য]


উপপাদ্য ৪

আয়তের কর্ণদ্বয় সমান ও পরস্পরকে সমদ্বিখণ্ডিত করে।

বিশেষ নির্বচন :

মনে করি, ABCD একটি আয়তের
AC ও BD কর্ণদ্বয় পরপস্পরকে O বিন্দুতে ছেদ করে।

প্রমাণ করতে হবে যে,
(i) AC = BD
(ii) OA = CO, BO = DO.



প্রমাণ :

ধাপ	যথার্থতা
(১) আয়ত একটি সামান্তরিক। সুতারাং AO = CO, BO = DO.	[সামান্তরিকের কর্ণদ্বয় পরস্পরকে সমদ্বিখণ্ডিত করে]
(২) এখন ΔABD ও ΔACD এ ∠DAB =∠ADC, AB = DC AD = AD ∴ ΔABD ≅ Δ ACD অতএব, AC = BD. (প্রমাণিত)	[প্রত্যেক কোণ সমকোণ] [সামান্তরিকের বিপরীত বাহু পরপস্পর সমান] [সাধারণ বাহু] [ত্রিভুজের বাহু- কোণ - বাহু উপপাদ্য]


উপপাদ্য ৫

রম্বসের কর্ণদ্বয় পরস্পরকে সমকোণে সমদ্বিখণ্ডিত করে।

বিশেষ নির্বচন :

মনে করি, ABCD একটি রম্বসের
AC ও BD কর্ণদ্বয় পরপস্পরকে O বিন্দুতে ছেদ করে।

প্রমাণ করতে হবে যে,
(i) ∠AOB = ∠BOC = ∠COD = ∠DOA =1 সমকোণ
(ii) OA = CO, BO = DO.



tanbircox.blogspot.com

প্রমাণ :

ধাপ	যথার্থতা
(১) রম্বস একটি সামান্তরিক। সুতারাং AO = CO, BO = DO.	[সামান্তরিকের কর্ণদ্বয় পরস্পরকে সমদ্বিখণ্ডিত করে]
(২) এখন ΔAOB ও ΔBOC এ AB = BC AB = DC এবং OB = OB অতএব, ΔAOB ≅ Δ BOC	[রম্বসের বাহুগুলো সমান] [(১) থেকে] [সাধারণ বাহু] [ত্রিভুজের বাহু - বাহু - বাহু উপপাদ্য]

সুতারাং, $\angle AOB = \angle BOC$

$\angle AOB + \angle BOC$ = 1 সরলকোণ = 2 সমকোণ।

$\angle AOB = \angle BOC$ = 1 সমকোণ।

অনুরূপভাবে, প্রমাণ করা যায় যে,

$\angle COD = \angle DOA$ = 1 সমকোণ। (প্রমাণিত)

কাজ :


১। দেখাও যে, বর্গের কর্ণদ্বয় পরস্পর সমান ও সমদ্বিখণ্ডিত করে।

২। একজন রাজমিস্ত্রী একটি আয়তকার কংক্রিট স্ল্যাব তৈরি করেছেন। তিনি কত বিভিন্ন ভাবে নিশ্চিত হতে পারেন যে তাঁর স্ল্যাবটি সত্যিই আয়তকার?

(১) সমাধান :

বিশেষ নির্বচন :

মনেকরি, ABCD বর্গের AC ও BD কর্ণদ্বয় পরস্পরকে O বিন্দুতে ছেদ করে।



প্রমাণ করতে হবে যে,

AC = BD এবং OA = OC, OB = OD

প্রমাণ :

ধাপ	যথার্থতা
(১) বর্গ একটি সামান্তরিক সুতারাং AO = CO, BO = DO	[সামান্তরিকের কর্ণদ্বয় পরস্পরকে সমদ্বিখণ্ডিত করে]
(২) এখন, ΔABD ও ΔACD এ $\angle DAB = \angle ADC$ AB = DC এবং AD = AD	[প্রত্যেকে সমকোণ] [সামান্তরিকের বিপরীত বাহু পরস্পর সমান] [সাধারণ বাহু]
সুতারাং, $\Delta ABD \cong \Delta ACD$ অতএব, AC = BD (প্রমাণিত)	[ত্রিভুজের বাহু- কোণ- বাহু উপপাদ্য]

tanbircox.blogspot.com

অনুশীলনী ৮.১

১। সামান্তরিকের জন্য নিচের কোনটি সঠিক?

(ক) বিপরীত বাহুগুলো অসমান্তরাল (খ) একটি কোণ সমকোণ হলে, তা আয়ত
(গ) বিপরীত বাহুদ্বয় অসমান (ঘ) কর্ণদ্বয় পরস্পর সমান

২। নিচের কোনটি রম্বসের বৈশিষ্ট্য?


(ক) কর্ণদ্বয় পরস্পর সমান (খ) প্রত্যেক কোণই সমকোণ
(গ) বিপরীত কোণদ্বয় অসমান (ঘ) প্রত্যেকটি বাহুই সমান

৩। i. চতুর্ভুজের চার কোণের সমষ্টি চার সমকোণ।
ii. আয়তের দুইটি সন্নিহিত বাহু সমান হলে তা একটি বর্গ।
iii. প্রত্যেকটি রম্বস একটি সামান্তরিক।

উপরের তথ্য অনুসারে নিচের কোনটি সঠিক?


(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৪। PAQC চতুর্ভুজের PA = CQ এবং PA ।। CQ.
∠A ও ∠C সমদ্বিখণ্ডক যথাক্রমে AB ও CD হলে
ABCD ক্ষেত্রটির নাম কী?



(ক) সামান্তরিক (খ) রম্বস (গ) আয়ত (ঘ) বর্গ


৫। দেওয়া আছে ΔABC এর মধ্যমা BO কে D পর্যন্ত এমনভাবে বর্ধিত করি যেন BO = OD হয়।
প্রমাণ করতে হবে যে, ABCD একটি সামান্তরিক।



সমাধান :

বিশেষ নির্বচন :

দেওয়া আছে, ΔABC এর মধ্যমা BO কে D পর্যন্ত এমনভাবে বর্ধিত করি যেন BO = OD হয়।
প্রমাণ করতে হবে যে,
ABCD একটি সামান্তরিক।



প্রমাণ :


ধাপ	যথার্থতা
(১) ΔAOB ও ΔCOD এর মধ্যে $BO = OD$ $OA = OC$ $\angle AOB =$ বিপরীত$\angle COD$ $\therefore \Delta AOB \cong \Delta COD$ সুতারাং, $AB = CD$ (২) অনুরূপভাবে প্রমাণ করা যায় $AD = BC$ $\therefore$ ABCD একটি সামান্তরিক (প্রমাণিত)	 [কল্পনা] [O, AC এর মধ্যবিন্দু] [ত্রিভুজের বাহু - কোণ - বাহু উপপাদ্য]

৬। প্রমাণ কর যে, সামান্তরিকের একটি কর্ণ একে দুইটি সর্বসম ত্রিভুজে বিভক্ত করে।

সমাধান :

বিশেষ নির্বচন :

মনেকরি, ABCD একটি সামান্তরিক।
এর একটি কর্ণ AC।
প্রমাণ করতে হবে যে, AC কর্ণটি ABCD সামান্তরিকটিকে সমান দুই ভাগে ভাগ করে।
অর্থাৎ $\Delta ABC \cong \Delta ADC$।



প্রমাণ :

ধাপ	যথার্থতা
(১) যেহেতু AB ।। CD এবং AC তাদের ছেদক $\therefore \angle BAC = \angle ACD$ (২) আবার, BC ।। AD এবং AC তাদের ছেদক $\therefore \angle ACB = \angle DAC$ (৩) এখন, ΔABC ও ΔADC এ $\angle BAC = \angle ACD$ $\angle ACB = \angle DAC$ $AC = AC$	 [একান্তর কোণ সমান] [একান্তর কোণ সমান] [সাধারণ বাহু]

$\therefore \Delta ABC \cong \Delta ADC$ অর্থাৎ সামান্তরিকের কর্ণ সামান্তরিকটিকে সমান দুই ভাগে ভাগ করে। (প্রমাণিত)	[ত্রিভুজের কোণ - বাহু - কোণ উপপাদ্য]


৭। প্রমাণ কর যে, চতুর্ভুজের বিপরীত বাহুগুলো পরস্পর সমান ও সমান্তরাল হলে তা একটি সামান্তরিক।

সমাধান :

বিশেষ নির্বচন :

মনেকরি, ABCD একটি চতুর্ভুজ।
এর AD = BC, AB = CD এবং
AD ।। BC, AB ।। CD হলে

প্রমাণ করতে হবে যে,
চতুর্ভুজটি একটি সামান্তরিক।



অঙ্কন : চতুর্ভুজটির কর্ণ AC অঙ্কন করি।

প্রমাণ :

ধাপ	যথার্থতা
(১) যেহেতু AD ।। BC এবং AC তাদের ছেদক $\therefore \angle ACB = \angle CAD$	[একান্তর কোণ সমান]
(২) অনুরূপভাবে, BC ।। AD এবং AC তাদের ছেদক $\therefore \angle BAC = \angle ACD$	[একান্তর কোণ সমান]
(৩) এখন, ΔABC ও ΔADC এ $\angle ACB = \angle CAD$ $\angle BAC = \angle ACD$ AC = AC	[সাধারণ বাহু]
$\therefore \Delta ABC \cong \Delta ADC$ $\therefore \angle ABC = \angle ADC$	[ত্রিভুজের কোণ - বাহু - কোণ উপপাদ্য]
(৪) অনুরূপভাবে, $\angle BAC = \angle BCD$ $\therefore$ ABCD একটি সামান্তরিক (প্রমাণিত)	


tanbircox.blogspot.com

৮। প্রমাণ কর যে, সামান্তরিকের কর্ণদ্বয় পরস্পর সমান হলে, তা একটি আয়ত।

সমাধান :

বিশেষ নির্বচন :

মনেকরি, ABCD সামান্তরিকের কর্ণ AC = কর্ণ BD



প্রমাণ করতে হবে যে,
ABCD একটি আয়ত।

প্রমাণ :


ধাপ	যথার্থতা
(১) ΔABC ও Δ ADBএর মধ্যে BC = AD	[সামান্তরিকের বিপরীত বাহু পরস্পর সমান]
AC = BD	[কল্পনা]
AB = AB	[সাধারণ বাহু]
$\therefore \Delta ABC \cong \Delta ADB$ $\therefore \angle ABC = \angle BAD$	[কোণ- বাহু- বাহু উপপাদ্য]
(২) আবার, যেহেতু AD ।। BC এবং AB তাদের ছেদক $\angle ABC + \angle BAD = 2$ সমকোণ	[ছেদকের একই পাশের অন্তঃস্থ কোণ সমান]
$\therefore \angle ABC = \angle BAD = 1$ সমকোণ $\therefore$ ABCD একটি আয়ত (প্রমাণিত)	

৯। প্রমাণ কর যে, চতুর্ভুজের কর্ণদ্বয় পরস্পর সমান হলে এবং পরস্পরকে সমকোণে সমদ্বিখণ্ডিত করলে, তা একটি বর্গ।

সমাধান :

বিশেষ নির্বচন :

মনেকরি, ABCD চতুর্ভুজের AC ও BD কর্ণ পরস্পর সমান এবং পরস্পরকে O বিন্দুতে সমকোণে সমদ্বিখণ্ডিত করেছে।



অর্থাৎ AC = BD, OA = OC, OB = OD এবং
$\angle AOB = \angle BOC = \angle COD = \angle AOD$

প্রমাণ করতে হবে যে, ABCD একটি বর্গ।

প্রমাণ :

ধাপ	যথার্থতা
(১) ΔAOB ও ΔAOD এতে $OB = OD$ অন্তর্ভুক্ত $\angle AOB$ = অন্তর্ভুক্ত $\angle AOD$ $AO = AO$ $\therefore \Delta AOB \cong \Delta AOD$ $\therefore \quad AB = AD$	[কল্পনা] [সমকোণ] [সাধারণ বাহু] [ত্রিভুজের বাহু- কোণ - বাহু উপপাদ্য]
(২) অনুরূপভাবে, ΔAOB ও ΔBOC এ প্রমাণ করা যায় যে, $AB = BC$	
(৩) এবং ΔBOC ও ΔCOD এ প্রমাণ করা যায় যে, $BC = CD$ $\therefore$ ABCD চতুর্ভুজে $AB = BC = CD = AD$	[(১), (২) ও (৩) থেকে]
(৪) আবার, ΔAOB এ $\angle AOB = 90^0$ এবং $OA = OB$ $\therefore \angle OAB = \angle OBA = 45^0$	[কল্পনা] [সমান সমান বাহুর বিপরীত কোণ সমান]
(৫) অনুরূপভাবে, ΔAOD এ $\angle OAD = \angle ODA = 45^0$ $\therefore \angle BAD = \angle OAB + \angle OAD$ $= 45^0 + 45^0$ $= 90^0$ $\therefore$ ABCD একটি বর্গ। (প্রমাণিত)	


tanbircox.blogspot.com

১০। প্রমাণ কর যে, আয়তের সন্নিহিত বাহুর মধ্যবিন্দুসমূহের যোগে যে চতুর্ভুজ হয়, তা একটি রম্বস।

সমাধান :

বিশেষ নির্বচন :

মনেকরি, ABCD আয়ত। P, Q, R ও S যথাক্রমে AB, BC, CD ও AD এর মধ্যবিন্দু। P, Q; Q, R; R, S ও S, P যোগ করি।



প্রমাণ করতে হবে যে, PQRS একটি রম্বস।

অঙ্কন : A, C; B, D; এবং S, Q; P, R যোগ করি।

প্রমাণ :

ধাপ	যথার্থতা
(১) ΔABD ও ΔBCD এর সন্নিহিত বাহুর মধ্যবিন্দুর সংযোগ রেখাংশ যথাক্রমে PS ও QR। সুতারাং, PS ।। BD এবং QR ।। BD	
আবার, $PS = \frac{১}{২}BD$	[ত্রিভুজের দুই বাহুর মধ্যবিন্দুর সংযোজক সরল রেখা তৃতীয় বাহুর সমান্তরাল এবং দৈর্ঘ্য তার অর্ধেক]
আবার, $QR = \frac{১}{২}BD$	
$\therefore PS = QR$ এবং PS ।। QR	[সমান্তরাল রেখার সমান্তরাল রেখা পরস্পর সমান্তরাল]
(২) অনুরূপভাবে, ΔABC ও ΔADC নিয়ে প্রমাণ করা যায় যে, $PQ = SR$ এবং PQ ।। SR	
$\therefore$ PQRS একটি রম্বস (প্রমাণিত)	

tanbircox.blogspot.com


১১। প্রমাণ কর যে, সামান্তরিকের যেকোনো দুইটি বিপরীত কোণের সমদ্বিখণ্ডক পরস্পর সমান্তরাল।

সমাধান :

বিশেষ নির্বচন :

মনেকরি, ABCD একটি সামান্তরিক।
∠A ও ∠C এর সমদ্বিখণ্ডক AE ও CF
যথাক্রমে DC ও AB কে E ও F বিন্দুতে ছেদ করে

প্রমাণ করতে হবে যে, AE ।। CF।



প্রমাণ :

ধাপ	যথার্থতা
(১) যেহেতু AE, ∠BAD এর সমদ্বিখণ্ডক $\therefore \angle EAF = \frac{১}{২}\angle BAD$	[কল্পনা]
(২) অনুরূপভাবে, $\angle ECF = \frac{১}{২}\angle BCD$ $\therefore \angle EAF = \angle ECF$	[কল্পনা]
(৩) আবার, AB ।। CD এবং AE এদের ছেদক ∠AED =∠EAF ∴∠AED =∠ECF কিন্তু, এরা অনুরূপ কোণ। ∴ AECF একটি সামান্তরিক। ∴ AE ।। FC (প্রমাণিত)	[সামান্তরিকের বিপরীত বাহু পরস্পর সমান্তরাল] [একান্তর কোণ] [(২) থেকে]

tanbircox.blogspot.com


১২। প্রমাণ কর যে, সামান্তরিকের যেকোনো দুইটি সন্নিহিত কোণের সমদ্বিখণ্ডক পরস্পর লম্ব।

সমাধান :

বিশেষ নির্বচন :

মনেকরি, ABCD একটি সামান্তরিক। এর $\angle BAD$ ও $\angle ABC$ এর সমদ্বিখণ্ডকদ্বয় পরস্পর O বিন্দুতে ছেদ করেছে।

প্রমাণ করতে হবে যে, AO ও BO পরস্পরের উপর লম্ব।




প্রমাণ :

ধাপ	যথার্থতা
(১) যেহেতু AO, $\angle BAD$ এর সমদ্বিখণ্ডক $\angle OAB = \frac{১}{২} \angle BAD$	[কল্পনা]
(২) অনুরূপভাবে, $\angle OBA = \frac{১}{২} \angle ABC$	
(৩) আবার, যেহেতু AD ।। BC এবং AB ছেদক।	
$\therefore \angle BAD + \angle ABC =$ দুই সমকোণ	[ছেদকের একই পাশে অন্তঃস্থ কোণ বলে]
বা $\frac{১}{২}\angle BAD + \frac{১}{২}\angle ABC =$ এক সমকোণ।	[(১) ও (২) থেকে]
বা, $\angle OAB + \angle OBA =$ এক সমকোণ।	
(৪) এখন, ΔAOB এ,	
$\angle OAB + \angle OBA + \angle AOB = 2$ সমকোণ।	[ত্রিভুজের তিনটি কোণের সমষ্টি দুই সমকোণ]
বা, $\angle AOB +$ 1 সমকোণ $= 2$ সমকোণ।	
বা, $\angle AOB =$ 2 সমকোণ $-$ 1 সমকোণ।	
$\therefore \angle AOB =$ 1 সমকোণ।	
অর্থাৎ, AO ও BO পরস্পরের উপর লম্ব	
(প্রমাণিত)	

tanbircox.blogspot.com

১৩। চিত্রে, ABC একটি সমবাহু ত্রিভুজ। D, E ও F যথাক্রমে AB, BC ও AC এর মধ্যবিন্দু।




(ক) প্রমাণ কর যে,

$\angle BDF + \angle DFE + \angle FEB + \angle EBD$ = চার সমকোণ।

সমাধান :

বিশেষ নির্বচন :

মনেকরি, চিত্রে ABC একটি একটি সমবাহু ত্রিভুজ। D, E, F যথাক্রমে AB, BC ও AC এর মধ্যবিন্দু।



প্রমাণ করতে হবে যে,

$\angle BDF + \angle DFE + \angle FEB + \angle EBD$ = চার সমকোণ।

প্রমাণ :

ধাপ	যথার্থতা
(১) ΔBDE এ, $\angle BDE + \angle BED + \angle EBD$ = দুই সমকোণ	[ত্রিভুজের তিন কোণের সমষ্টি 2 সমকোণ]
(২) ΔDEF এ, $\angle DEF + \angle DFE + \angle EDF$ = দুই সমকোণ	[ত্রিভুজের তিন কোণের সমষ্টি 2 সমকোণ]
$(\angle BDE + \angle BED + \angle EBD + \angle DEF + \angle DFE + \angle EDF)$ = চার সমকোণ	[(১) ও (২) থেকে]
$\angle BDF + \angle DFE + \angle FEB + \angle EBD$ = চার সমকোণ। (প্রমাণিত)	

tanbircox.blogspot.com


(খ) প্রমাণ কর যে,

$DF \parallel BC$ এবং $DF = \frac{১}{২}BC$

সমাধান :

বিশেষ নির্বচন :

মনেকরি, ΔABC এর D ও F যথাক্রমে AB ও AC এর মধ্য বিন্দু। D ও F যোগকরে G পর্যন্ত এমনভাবে বর্ধিত করি যেন DF = FG হয়। G, C যোগকরি।



প্রমাণ করতে হবে যে,

$DF \parallel BC$ এবং $DF = \frac{১}{২}BC$


প্রমাণ :

ধাপ	যথার্থতা
(১) ΔADF ও ΔCGF এ, DF = FG AF = CF এবং অন্তভুক্ত $\angle DFA$ = অন্তভুক্ত $\angle CFG$ $\therefore \Delta DEF \cong \Delta CGF$	[অঙ্কনানুসারে] [কল্পনা] [বিপ্রতীপ কোণ সমান] [বাহু- কোণ- বাহু উপপাদ্য]
(২) AD = CG এবং $\angle DAF = \angle FCG$ বা, BD = CG বা, $\angle DAC = \angle ACG$ কিন্তু কোণদ্বয় AD ও CG বাহুর AC ছেদক দ্বারা উৎপন্ন একান্তর কোণ। $\therefore$ DA $\parallel$ CG বা, BA $\parallel$ CG	[কল্পনা] [একান্তর কোণ সমান]
(৩) এখন BCGD চতুর্ভুজের BD = CG এবং BD $\parallel$ CG $\therefore$ BCGD একটি সামান্তরিক। $\therefore$ DG $\parallel$ BC এবং DG = BC	[সামান্তরিকের বিপরীত বাহুদ্বয় পরস্পর সমান ও সমান্তরাল]

tanbircox.blogspot.com

(৪) DF + FG = BC বা, DF + DF = BC বা, 2DF = BC $\therefore$ DF = $\frac{১}{২}$BC সুতারাং, DF ।। BC এবং DF = $\frac{১}{২}$ BC (প্রমাণিত)	[(১) থেকে]

১৪. দেওয়া আছে, ABCD সামান্তরিকের AM ও CN, DB এর উপর লম্ব। প্রমাণ কর যে, ANCM একটি সামান্তরিক।




tanbircox.blogspot.com

সমাধান :

বিশেষ নির্বচন :

দেওয়া আছে, ABCD সামান্তরিক AM ও CN, BD উপর লম্ব।

প্রমাণ করতে হবে যে, ANCM একটি সামান্তরিক।



প্রমাণ :

ধাপ	যথার্থতা
(১) ΔADM ও ΔBCN এর, $\angle ADM = \angle NBC$ $\angle AMD = \angle BNC$ এবং $AD = BC$ $\therefore \Delta ADM \cong \Delta BCN$ $\angle MAD = \angle BCN$	 [একান্তর কোণ] [$AM \perp BD$, $CN \perp BD$] [সামান্তরিকের বিপরীত বাহু পরস্পর সমান] [কোণ - বাহু - কোণ উপপাদ্য]
(২) অনুরূপভাবে, ΔABN ও ΔCDM এর মধ্যে $\angle BAN = \angle MCD$ $\therefore \angle BAD - (\angle DAM + \angle BAN)$ $= \angle BCD - (\angle NCB + \angle MCD)$ $\therefore \angle MAN = \angle MCN$ $\therefore \angle AMC = \angle ANC$	
(৩) অর্থাৎ ANCM চতুর্ভুজের $\angle MAN = \angle MCN$ $\angle AMC = \angle ANC$ $\therefore$ NCMA একটি সামান্তরিক। (প্রমাণিত)	[(১) থেকে]

tanbircox.blogspot.com

অষ্টম অধ্যায় 8·2 চতুর্ভুজ অঙ্কন


সম্পাদ্য


সম্পাদ্য ১


কোনো চতুর্ভুজের চারটি বাহুর দৈর্ঘ্য ও একটি কোণ দেওয়া আছে। চতুর্ভুজটি আঁকতে হবে।


মনে করি,

একটি চতুর্ভুজের চার বাহুর দৈর্ঘ্য a, b, c, d এবং a ও b বাহুদ্বয়ের অন্তর্ভুক্ত কোণ $\angle x$ দেওয়া আছে। চতুর্ভুজটি আঁকতে হবে।









tanbircox.blogspot.com

অঙ্কনের বিবরণ :

(১) যে কোনো রশ্মি BE থেকে BC = a নিই। B বিন্দুতে $\angle EBF = \angle x$ আঁকি।

(২) BF থেকে BA = b নিই। A ও C কে কেন্দ্র করে যথাক্রমে c ও d এর সমান ব্যাসার্ধ নিয়ে $\angle ABC$ এর অভ্যন্তরে দুইটি বৃত্তচাপ আঁকি। তারা পরস্পর D বিন্দুতে ছেদ করে।

(৩) A ও B এবং C ও D যোগ করি। তাহলে, $ABCD$ ই উদ্দিষ্ট চতুর্ভুজ।

প্রমাণ :

অঙ্কন অনুসারে, $AB = b$, $BC = a$, $AD = c$, $CD = d$ এবং $\angle ABC = \angle x$

$\therefore ABCD$ - ই নির্ণেয় চতুর্ভুজ।

সম্পাদ্য ২

কোনো চতুর্ভুজের চারটি বাহুর দৈর্ঘ্য ও একটি কর্ণের দৈর্ঘ্য দেওয়া আছে। চতুর্ভুজটি আঁকতে হবে।

মনে করি,

একটি চতুর্ভুজের চারটি বাহুর দৈর্ঘ্য a, b, c, d এবং একটি কর্ণের দৈর্ঘ্য e দেওয়া আছে, যেখানে $a + b > e$ এবং $c + d > e$


e ———————————

a ———————————

b ———————————

c ———————————

d ———————————



tanbircox.blogspot.com

অঙ্কনের বিবরণ :

(১) যেকোনো রশ্মি BE থেকে BD = e নিই। B ও D কে কেন্দ্র করে যথাক্রমে a ও b এর সমান ব্যাসার্ধ নিয়ে BD এর একই পাশে দুইটি বৃত্তচাপ আঁকি। বৃত্তচাপদ্বয় A বিন্দুতে ছেদ করে।

(২) আবার, B ও D কে কেন্দ্র করে যথাক্রমে d ও c এর সমান ব্যাসার্ধ নিয়ে BD এর যেদিকে A আছে তার বিপরীত দিকে আরও দুইটি বৃত্তচাপ আঁকি। এই বৃত্তচাপদ্বয় পরস্পর C বিন্দুতে ছেদ করে।

(৩) A ও B, A ও D, B ও C এবং C ও D যোগ করি। তাহলে, ABCD- ই উদ্দিষ্ট চতুর্ভুজ।

প্রমাণ :

অঙ্কন অনুসারে, AB = a, AD = b, BC = d, CD = c এবং কর্ণ BD = e


সুতারাং, ABCD- ই নির্ণেয় চতুর্ভুজ।


সম্পাদ্য ৩


কোনো চতুর্ভুজের তিনটি বাহু ও দুইটি কর্ণের দৈর্ঘ্য দেওয়া আছে। চতুর্ভুজটি আঁকতে হবে।


মনে করি,

একটি চতুর্ভুজের তিনটি বাহুর দৈর্ঘ্য a, b, c এবং দুইটি কর্ণের দৈর্ঘ্য d, e দেওয়া আছে। যেখানে $a + b > e$ এবং $b + c > d$। চতুর্ভুজটি আঁকতে হবে।









tanbircox.blogspot.com

অঙ্কনের বিবরণ :

(১) যেকোনো রশ্মি BE থেকে BD =e নিই। B ও D কে কেন্দ্র করে যথাক্রমে a ও b এর সমান ব্যাসার্ধ নিয়ে BD এর একই পাশে দুইটি বৃত্তচাপ আঁকি। বৃত্তচাপদ্বয় A বিন্দুতে ছেদ করে।

(২) আবার, D ও A কে কেন্দ্র করে যথাক্রমে c ও d এর সমান ব্যাসার্ধ নিয়ে BD এর যেদিকে A রয়েছে এর বিপরীত দিকে আরও দুইটি বৃত্তচাপ আঁকি। এই বৃত্তচাপদ্বয় পরস্পর C বিন্দুতে ছেদ করে।

(৩) A ও B, A ও D, B ও C এবং C ও D যোগ করি। তাহলে, ABCD - ই উদ্দিষ্ট চতুর্ভুজ।

প্রমাণ :

অঙ্কন অনুসারে, AB = a, AD = b, CD = c এবং কর্ণ BD = e ও AC = d


সুতারাং, ABCD - ই নির্ণেয় চতুর্ভুজ।


সম্পাদ্য ৪


কোনো চতুর্ভুজের তিনটি বাহুর দৈর্ঘ্য ও দুইটি অন্তর্ভুক্ত কোণ দেওয়া আছে। চতুর্ভুজটি আঁকতে হবে।


মনে করি,


একটি চতুর্ভুজের তিনটি বাহু a, b, c এবং a ও b বাহুর অন্তর্ভুক্ত কোণ $\angle x$ এবং a ও c বাহুর অন্তরভুক্ত কোণ $\angle y$ দেওয়া আছে। চতুর্ভুজটি আঁকতে হবে।











অঙ্কনের বিবরণ :

যেকোনো রশ্মি BE থেকে BC=a নিই। B ও C বিন্দুতে $\angle x$ ও $\angle y$ এর সমান করে যথাক্রমে $\angle CBF$ ও $\angle BCG$ অঙ্কন করি। BF থেকে BA = b এবং CG থেকে CD = c নিই। A, D যোগ করি। তাহলে, ABCD - ই উদ্দিষ্ট চতুর্ভুজ।

প্রমাণ :

অঙ্কন অনুসারে, AB = b, BC = a, CD = c, $\angle ABC = \angle x$ ও $\angle DCB = \angle y$

সুতারাং, ABCD - ই নির্ণেয় চতুর্ভুজ।


tanbircox.blogspot.com

সম্পাদ্য ৫

কোনো চতুর্ভুজের দুইটি সন্নিহিত বাহুর দৈর্ঘ্য ও তিনটি কোণ দেওয়া আছে। চতুর্ভুজটি আঁকতে হবে।

মনে করি,

একটি চতুর্ভুজের দুইটি সন্নিহিত বাহু a, b এবং তিনটি কোণ $\angle x$, $\angle y$, $\angle z$ দেওয়া আছে। চতুর্ভুজটি আঁকতে হবে।



tanbircox.blogspot.com

অঙ্কনের বিবরণ :

যেকোনো রশ্মি BE থেকে BC = a নিই। B ও C $\angle x$ ও $\angle y$ এর সমান করে যথাক্রমে $\angle CBF$ ও $\angle BCG$ অঙ্কন করি। BF থেকে BA = b নিই। A বিন্দুতে $\angle z$ এর সমান করে $\angle BAH$ অঙ্কন করি। AH ও CG পরস্পরকে D ছেদ করে। তাহলে, ABCD - ই উদ্দিষ্ট চতুর্ভুজ।

প্রমাণ :


অঙ্কন অনুসারে, AB = b, BC = a, $\angle ABC = \angle x$ $\angle DCB = \angle y$ ও $\angle BAD = \angle z$


সুতারাং, ABCD - ই নির্ণেয় চতুর্ভুজ।


সম্পাদ্য ৬


কোনো সামন্তরিকের সন্নিহিত দুইটি বাহুর দৈর্ঘ্য এবং বাহুদ্বয়ের অন্তর্ভুক্ত কোণ দেওয়া আছে। সামন্তরিকটি আঁকতে হবে।

মনে করি, একটি সামান্তরিকের দুইটি সন্নিহিত বাহু a ও b এবং এদের অন্তর্ভুক্ত কোণ $\angle x$ দেওয়া আছে। সামান্তরিকটি আঁকতে হবে।









tanbircox.blogspot.com

অঙ্কনের বিবরণ :

যেকোনো রশ্মি BE থেকে BC = a নিই। B বিন্দুতে $\angle EBF = \angle x$ অঙ্কন করি। BF থেকে b এর সমান BA নিই। A ও C বিন্দুকে কেন্দ্র করে যথাক্রমে a ও b এর সমান ব্যাসার্ধ নিয়ে $\angle ABC$ এর অভ্যন্তরে দুইটি বৃত্তচাপ আঁকি। এরা পরস্পরকে D বিন্দুতে ছেদ করে। A, D ও C, D যোগ করি। তাহলে ABCD - ই উদ্দিষ্ট সামান্তরিক।

প্রমাণ :

A,C যোগ করি। ΔABC ও ΔADC এ AB = CD = b, AD = BC = a এবং AC বাহু সাধারণ।

$\therefore \Delta ABC \equiv \Delta DCA$

অতএব, $\angle BAC = \angle DCA$ কিন্তু, কোন দুইটি একান্তর কোণ।

$\therefore$ AB।। CD অনুরূপভাবে প্রমাণ করা যায় যে, BC ।। AD


সুতারাং ABCD একটি সামান্তরিক। আবার অঙ্কন অনুসারে $\angle ABC = \angle x$


অতএব, ABCD - ই নির্ণেয় সামান্তরিক।

সম্পাদ্য ৭

কোনো বর্গের একটি বাহুর দৈর্ঘ্য দেওয়া আছে, বর্গটি আঁকতে হবে।

মনে করি, a কোনো বর্গের একটি বাহুর দৈর্ঘ্য। বর্গটি আঁকতে হবে।





অঙ্কনের বিবরণ :

যেকোনো রশ্মি BE থেকে BC = a নিই। B বিন্দুতে BF $\perp$ BC আঁকি। BF থেকে BA = a নিই। A ও C কে কেন্দ্র করে a এর সমান ব্যাসার্ধ নিয়ে $\angle ABC$ এর অভ্যন্তরে দুইটি বৃত্তচাপ আঁকি। বৃত্তচাপদ্বয় পরস্পরকে D বিন্দুতে ছেদ করে। A ও D এবং C ও D যোগ করি। তাহলে ABCD - ই উদ্দিষ্ট বর্গ।

প্রমাণ :

ABCD চতুর্ভুজের AB = BC = CD = DA =a এবং $\angle ABC$ = এক সমোকোণ। সুতারাং, এটি একটি বর্গ। অতএব ABCD - ই নির্ণেয় বর্গ।

tanbircox.blogspot.com

অনুশীলনী ৮.২

১। একটি চতুর্ভুজ আঁকতে কয়টি অনন্য নিরপেক্ষ উপাত্তের প্রয়োজন?


(ক) 3টি (খ) 4টি (গ) 5টি (ঘ) 6টি


২। i দুইটি সন্নিহিত বাহু দেওয়া থাকলে আয়ত আঁকা যায়।
ii চারটি কোণ দেওয়া থাকলে একটি চতুর্ভুজ আঁকা যায়।
iii বর্গের একটি বাহু দেওয়া থাকলে বর্গ আঁকা যায়।
উপরের তথ্যের আলোকে নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৩। নিম্নের প্রদত্ত উপাত্ত নিয়ে চতুর্ভুজ অঙ্কন কর :


(ক) চারটি বাহুর দৈর্ঘ্য 3 সে.মি., 3.5 সে.মি., 2.8 সে.মি., ও 3 সে.মি. এবং কোণ 45^o ।





সমাধান :


বিশেষ নির্বচন : মনেকরি, চতুর্ভুজের চারটি বাহু a, b, c ও d এর দৈর্ঘ্য যথাক্রমে 3 সে.মি., 3.5 সে.মি., 2.8 সে.মি. ও 3 সে.মি. এবং a ও b এর অন্তরভুক্ত $\angle x = 45^0$ দেওয়া আছে। চতুর্ভুজটি আঁকতে হবে।




অঙ্কনের বিবরণ :


(১) যেকোনো রেখা BE থেকে BC=a কেটে নিই। B বিন্দুতে $\angle EBF = \angle x$ আঁকি। BF থেকে BA = b নিই।

(২) এখন A ও C বিন্দুদ্বয়কে কেন্দ্র করে c ও d এর সমান ব্যাসার্ধ নিয়ে ABC এর অভ্যন্তরে দুইটি বৃত্তচাপ আঁকি। বৃত্তদ্বয় পরস্পর D বিন্দুতে ছেদ করে। A, D এবং C, D যোগ করি। তাহলে ABCD- ই উদ্দিষ্ট চতুর্ভুজ।



(খ) চারটি বাহুর দৈর্ঘ্য 4 সে.মি., 3 সে.মি., 3.5 সে.মি., ও 4.5 সে.মি. এবং কোণ 60^o ।






tanbircox.blogspot.com

সমাধান :


বিশেষ নির্বচন : মনেকরি, চতুর্ভুজের চারটি বাহু a, b, c ও d এর দৈর্ঘ্য যথাক্রমে 4 সে.মি., 3 সে.মি., 3.5 সে.মি. ও 4.5 সে.মি. এবং a ও b এর অন্তরভুক্ত $\angle x = 60^0$ দেওয়া আছে। চতুর্ভুজটি আঁকতে হবে।



অঙ্কনের বিবরণ :

(১) যেকোনো রেখা BE থেকে BC=a কেটে নিই। B বিন্দুতে $\angle EBF = \angle x$ আঁকি। BF থেকে BA = b নিই।

(২) এখন A ও C বিন্দুদ্বয়কে কেন্দ্র করে c ও d এর সমান ব্যাসার্ধ নিয়ে ABC এর অভ্যন্তরে দুইটি বৃত্তচাপ আঁকি। বৃত্তদ্বয় পরস্পর D বিন্দুতে ছেদ করে। A, D এবং C, D যোগ করি। তাহলে ABCD- ই উদ্দিষ্ট চতুর্ভুজ।



(গ) চারটি বাহুর দৈর্ঘ্য 3.2 সে.মি., 3.5 সে.মি., 2.5 সে.মি., ও 2.8 সে.মি. এবং কর্ণ 5 সে.মি. ।

সমাধান :


বিশেষ নির্বচন :


মনেকরি, চতুর্ভুজের চারটি বাহু a, b, c ও d এর দৈর্ঘ্য যথাক্রমে 3.2 সে.মি., 3.5 সে.মি., 2.5 সে.মি. ও 2.8 সে.মি. এবং কর্ণ k এর দৈর্ঘ্য 5 সে.মি. দেওয়া আছে। চতুর্ভুজটি আঁকতে হবে।

tanbircox.blogspot.com

a ——— 3.2 সে.মি.
b ——— 3.5 সে.মি.
c ——— 2.5 সে.মি.
d ——— 2.8 সে.মি.
k ——— 5 সে.মি.

অঙ্কনের বিবরণ :





(১) যেকোনো রশ্মি BE হতে BD = k নিই। B ও D বিন্দুদ্বয়কে কেন্দ্র করে যথাক্রমে a ও b এর সমান ব্যাসার্ধ নিয়ে BD এর এক পাশে দুইটি বৃত্তচাপ আঁকি। এই বৃত্তচাপদ্বয় পরস্পর A বিন্দুতে ছেদ করে।
(২) আবার B ও D বিন্দুদ্বয়কে কেন্দ্র করে যথাক্রমে c ও d এর সমান ব্যাসার্ধ নিয়ে BD এর যে পাশে A আছে তার বিপরীত পাশে আরো দুইটি বৃত্তচাপ আঁকি। এ বৃত্তচাপদ্বয় পরস্পরকে C বিন্দুতে ছেদ করে। A, B; A, D; C, D এবং B, C যোগ করি। তাহলে ABCD- ই নির্ণেয় চতুর্ভুজ।

tanbircox.blogspot.com

(ঘ) চারটি বাহুর দৈর্ঘ্য 3.2 সে.মি., 3 সে.মি., 3.5 সে.মি., ও 2.8 সে.মি. এবং কর্ণ 5 সে.মি. ।


সমাধান :


বিশেষ নির্বচন :

মনেকরি, চতুর্ভুজের চারটি বাহু a, b, c ও d এর দৈর্ঘ্য যথাক্রমে 3.2 সে.মি., 3 সে.মি., 3.5 সে.মি. ও 2.8 সে.মি. এবং কর্ণ k এর দৈর্ঘ্য 5 সে.মি. দেওয়া আছে। চতুর্ভুজটি আঁকতে হবে।

a ——— 3.2 সে.মি.
b ——— 3 সে.মি.
c ——— 3.5 সে.মি.
d ——— 2.8 সে.মি.
k ——— 5 সে.মি.

অঙ্কনের বিবরণ :





tanbircox.blogspot.com


(১) যেকোনো রশ্মি BE হতে BD = k নিই। B ও D বিন্দুদ্বয়কে কেন্দ্র করে যথাক্রমে a ও b এর সমান ব্যাসার্ধ নিয়ে BD এর এক পাশে দুইটি বৃত্তচাপ আঁকি। এই বৃত্তচাপদ্বয় পরস্পর A বিন্দুতে ছেদ করে।


(২) আবার B ও D বিন্দুদ্বয়কে কেন্দ্র করে যথাক্রমে c ও d এর সমান ব্যাসার্ধ নিয়ে BD এর যে পাশে A আছে তার বিপরীত পাশে আরো দুইটি বৃত্তচাপ আঁকি। এ বৃত্তচাপদ্বয় পরস্পরকে C বিন্দুতে ছেদ করে। A, B; A, D; C, D এবং B, C যোগ করি। তাহলে ABCD- ই নির্ণেয় চতুর্ভুজ।

(ঙ) তিনটি বাহুর দৈর্ঘ্য 3 সে.মি., 3.5 সে.মি., 2.5 সে.মি., এবং কোণ 60^o ও 45^o ।


সমাধান :


বিশেষ নির্বচন : মনে করি, চতুর্ভুজের তিনটি বাহু a, b ও c এর দৈর্ঘ্য যথাক্রমে 3.2 সে.মি., 3 সে.মি. 3.5 সে.মি. ও 2.5 সে.মি. এবং b বাহু সংলগ্ন দুইটি কোণ $\angle x = 60^0$ ও $\angle y = 45^0$ দেওয়া আছে। চতুর্ভুজটি আঁকতে হবে।





tanbircox.blogspot.com





অঙ্কনের বিবরণ :

(১) যেকোনো রেখা BE থেকে BC = b নিই।

(২) B ও C বিন্দুতে $\angle x$ ও $\angle y$ এর সমান করে যথাক্রমে $\angle CBF$ ও $\angle BCG$ অঙ্কন করি।


(৩) BF থেকে BA = a এবং CG থেকে CD = c নিই।

(৪) A ও D যোগ করি। তাহলে, ABCD - ই উদ্দিষ্ট চতুর্ভুজ।

(চ) তিনটি বাহুর দৈর্ঘ্য 3 সে.মি., 4 সে.মি., 4.5 সে.মি., এবং দুইটি কর্ণ 5.2 সে.মি. ও 6 সে.মি. ।


সমাধান :

বিশেষ নির্বচন : মনে করি, চতুর্ভুজের তিনটি বাহু a, b ও c - এর দৈর্ঘ্য যথাক্রমে 3 সে.মি., 4 সে.মি., ও 4.5 সে.মি., এবং কর্ণ d ও e - এর দৈর্ঘ্য যথাক্রমে 5.2 সে.মি. ও 6 সে.মি. দেওয়া আছে। চতুর্ভুজটি আঁকতে হবে।





tanbircox.blogspot.com

অঙ্কনের বিবরণ :



(১) যেকোনো রেখা BE থেকে BD = d নিই। B ও D বিন্দুদ্বয়কে কেন্দ্র কর যথাক্রমে c ও b এর সমান ব্যাসার্ধ নিয়ে BD এর একই পাশে দুইটি বৃত্তচাপ আঁকি। বৃত্তচাপদ্বয় পরস্পর A বিন্দুতে ছেদ করে। A, B ও A, D যোগ করি।






(২) আবার, B ও A কে কেন্দ্র করে যথাক্রমে a ও e এর সমান ব্যাসার্ধ নিয়ে BD- এর যে দিকে A আছে তার বিপরীত দিকে আরও দুইটি বৃত্তচাপ আঁকি। এই বৃত্তচাপদ্বয় পরস্পর C বিন্দুতে ছেদ করে।

(৩) এখন B, C; D, C ও A, C যোগকরি। তাহলে ABCD- ই উদ্দিষ্ট চতুর্ভুজ।

৪। একটি বর্গের বাহুর দৈর্ঘ্য 4 সে.মি. বর্গটি আঁক।


সমাধান :

বিশেষ নির্বচন : মনে করি, একটি বর্গের বাহুর দৈর্ঘ্য a = 4 সে.মি. দেওয়া আছে। বর্গটি আঁকতে হবে।



অঙ্কনের বিবরণ :

(১) যেকোনো রেখা BE থেকে BC = a নিই। B বিন্দুতে BF ⊥ BC আঁকি। BF থেকে BA = a নিই।




(২) A ও C বিন্দুদ্বয়কে কেন্দ্র করে a এর সমান ব্যাসার্ধ নিয়ে $\angle ABC$ - এর অভ্যন্তরে দুইটি বৃত্তচাপ আঁকি। তারা পরস্পর D বিন্দুতে ছেদ করে। এখন A ও D এবং C ও D যোগ করি। তাহলে, ABCD- ই উদ্দিষ্ট বর্গ।

tanbircox.blogspot.com


৫। রম্বসের একটি বাহুর দৈর্ঘ্য 3.5 সে.মি. 75^o রম্বসটি আঁক।

সমাধান :

বিশেষ নির্বচন : মনে করি, রম্বসের একটি বাহুর দৈর্ঘ্য a = 3.5 সে.মি. এবং একটি কোণ $\angle x = 75^o$ দেওয়া আছে। রম্বসটি আঁকতে হবে।




অঙ্কনের বিবরণ :



tanbircox.blogspot.com

(১) যেকোনো রেখা BE থেকে BC = a নিই। B বিন্দুতে $\angle EBF = \angle x$ আঁকি । BF থেকে BA =a নিই।





(২) A ও C বিন্দুদ্বয়কে কেন্দ্র করে a এর সমান ব্যাসার্ধ নিয়ে $\angle ABC$ - এর অভ্যন্তরে দুইটি বৃত্তচাপ আঁকি। এই বৃত্ত চাপদ্বয় পরস্পর D বিন্দুতে ছেদ করে। এখন A, D এবং C, D যোগ করি। তাহলে ABCD- ই উদ্দিষ্ট রম্বস।

৬। আয়তের দুইটি বাহুর দৈর্ঘ্য 3 সে.মি. ও 4 সে.মি.; আয়টি আঁক।

সমাধান :

বিশেষ নির্বচন : মনে করি, একটি আয়তের সন্নিহিত বাহু a ও b- এর দৈর্ঘ্য যথাক্রমে 3 সে.মি. ও 4 সে.মি. দেওয়া আছে। আয়তটি আঁকতে হবে।






tanbircox.blogspot.com

অঙ্কনের বিবরণ :

(১) যেকোনো রেখা BE থেকে BC = b নিই। B বিন্দুতে BF ⊥ BC আঁকি। BF থেকে BA = a নিই।




অঙ্কনের বিবরণ :

(২) A ও C বিন্দুদ্বয়কে কেন্দ্র করে যথাক্রমে b ও a এর সমান ব্যাসার্ধ নিয়ে $\angle ABC$ - এর অভ্যন্তরে দুইটি বৃত্তচাপ আঁকি। এই বৃত্ত চাপদ্বয় পরস্পর D বিন্দুতে ছেদ করে। এখন A, D এবং C, D যোগ করি। তাহলে ABCD- ই উদ্দিষ্ট আয়ত।


৭। চতুর্ভুজের কর্ণ দুইটির ছেদবিন্দুতে কর্ণ দুইটির চারটি খন্ডিত অংশ এবং তাদের অন্তর্ভুক্ত কোণ দেওয়া আছে। চতুর্ভুজটি আঁক। OA = 4.2 সে.মি., OB = 5.8 সে.মি., OC = 3.7 সে.মি., OD = 4.5 সে.মি. ও $\angle AOB = 100^o$

সমাধান :


